# Basic English Grammar

ইংরেজী ভাষার technology অত্যন্ত সহজ, scientific and logical অথচ শিক্ষার্থীরা হতাশ। ইংরেজী যেন একটি পাহাড় ডিঙানো সমস্যা। English Phobia -য় আক্রান্ত সকলে। তারা গনিত ভাল বুঝে, Physics ভাল বুঝে, রসায়ন ভাল বুঝে, অর্থনীতি ভাল বুঝে। সব subject -এ letter marks নিয়ে star marks secure করে। কিন্ত যত গলদ ইংরেজীতে। ৭০০ নম্বরের বেশী পেয়েও ইংরেজীতে ফেল। এর কারন কি?

আমি ব্যপক আলোচনায় না গিয়ে মূল কারনটি চিহ্নিত করার চেষ্টা করছি। তারা ইংরেজী শিক্ষার গোড়াপওন থেকেই ভাষার technology না বুঝে নিতান্ত মুখস্তের মাধ্যমে ভাষাটিকে রপ্ত করার চেষ্টা চালায়। এটা এক রকম অসম্ভব ব্যাপ্যার। দোষ তাদের নয়। এ রকম উপদেশ বা নির্দেশই তাদেরকে দেয়া হয়। তাছাড়া ভয় দেখিয়ে ইংরেজীর প্রতি একধরনের ভীতিও সৃষ্টি করা হয়। বলা হয়,ইংরেজী অত সহজ নয়, ভাল ছাএ ছাড়া ইংরেজী শেখা সম্ভব নয়, ইত্যাদি। কিন্ত প্রকৃত ব্যাপারটি ঠিক এর উল্টো। যাই হোক এ সকল ভয়-ভীতি বা ভুল নির্দেশনার কারনে শিক্ষার কেন্দ্র বিন্দু থেকে ছাএরা দূরে সরে যায় - তাদের ভেতরে ইংরেজীর প্রতি disinterest grow করে। ফলত: Phobia-র সৃষ্টি হয়।

এ সমস্যা দূরীকরনের একমাএ উপায়, ভাষার technology এবং logic বুঝে চর্চা করা।

কোন অযৌক্তিক নিয়মের অবকাশ নেই। I go to school, কিন্তু I go home -'home'-এর আগে to বসে না বললে চলবে না। কেন বসে না, তা বুঝতে হবে -যুক্তি ভিত্তিক আলোচনায় আসতে হবে। তবেই Phobia দূর হবে।

এছাড়া প্রত্যেক ভাষার মূল উপাদান হচ্ছে ঐ ভাষার শব্দ সম্ভার বা Vocabulary ।

Vocabulary জানতে হবে, একথা বলা বাহুল্য। বরং যার stock of words যত সমৃদ্ধ, ভাষায় তার দখল তত বেশী। শব্দের nature বা প্রকৃতি বুঝে সঠিক ব্যবহারের দক্ষতাই ভাষায় দখল। এক্ষেত্রে মূলত: Parts of speech সম্বন্ধে সম্যক ধারনা নিতে পারলেই Grammar -এর ৫০% শেখা সম্পন্ন বলে আমি মনে করি। কিন্তু সত্যটি হচ্ছে আমাদের শিক্ষার্থীদের ৯০% Parts of speech বুঝে না। যাই হোক আমার আহবান:

- Vocabulary
- Grammar and Technology
- Practice to Win English

## Primary Concepts

**Language** (ভাষা): ভাব প্রকাশ বা ভাব বিনিময়ের মাধ্যমই ভাষা বা language.

**Letter (বর্ন):** ভাষা লিখবার জন্য ব্যবহৃত চিহ্নই বর্ন বা letter.

যেমন: a, b, c … x, y, z (মোট ২৬ টি)

**Alphabet (বর্নমালা):** Letter সমূহকে একত্রে Alphabet বলে।

**Alphabet**

| **Vowel** | **Consonant** |
| --- | --- |
| (a, e, i, o, u=5টি) | (বাকী ২১ টি) |

## Word(শব্দ)

এক বা একাধিক meaningful letter-ই word. যেমন, I -আমি, a-একটি, man-মানুষ। এছাড়া যদি একটি বাক্য লেখা হয়-'O' and 'E' are vowels । এক্ষেত্রে 'O' এবং 'E' ও word। অর্থাৎ

**যখন এক বা একাধিক letter বাক্যে ব্যবহৃত হওয়ার যোগ্যতা অর্জন করে,**

**তখনই উহা word এর মযদা পাবে।**

## Sentence (বাক্য)

একাধিক word কোন পূর্ন ভাব ব্যক্ত করলে তাকে(অর্থাৎ ঐ group of Words বা শব্দ সমষ্টি কে)Sentence বলে। যেমন: I eat rice.

মূলত: sentence-ই ভাষার Unit।

**Sentence-এর একাধিক words –এর মধ্যে মূল বা প্রধান word টি হচ্ছে Verb। Verb ছাড়া Sentence হয়া না।**

অর্থাৎ verb ছাড়া কোন ভাব সাধারণত: প্রকাশ করা যায় না।

সুতরাং ভাষায় verb –এর ভূমিকা অনন্য।

## Grammar:

ভাষা যে নিয়ম মেনে চলে তাই grammar। Sentence হচ্ছে ভাষার unit। কাজেই বাক্য গঠনে যে সকল নিয়ম অনুসৃত হয় তাই grammar। Grammar কোন পুস্তক নয়। Grammar is the rules of language.

**ইংরেজী grammar ৫টি ভাগে বিভক্ত:**

1. Orthography-বর্ন প্রকরন Etymology-শব্দ বা পদ প্রকরন
2. Syntax-বাক্য প্রকরন/ পদ বিন্যাস Punctuation-বিরামচিহ্ন প্রকরন
3. prosody-ছন্দ্ব প্রকরন

# Parts of Speech

Parts of speech বুঝতে পারার অর্থ word – এর Nature বা প্রকৃতি সমন্ধে সম্যক জ্ঞান। Parts of speech-এর গুরুত্ব grammar-এ অপরিসীম ।Parts of speech বুঝলেই ইংরেজী Grammar- এর ৫০% বোঝা সম্পন্ন বলে আমি মনে করি ।

Part of speech অর্থ বাক্যের অংশ । কাজেই, শুধু 'water' কোন part of speech নয়। একটি বিচ্ছিন্ন word মাএ । কারন উহা কোন বাক্যের অংশ নয় ।কিন্তু 'I water the Plant' বাক্যটিতে 'Water' শব্দটি part of speech এবং verb । কাজেই sentence -এ ব্যবহৃত শব্দ মাএই part of speech ।

সকল parts of speech -ই words, কিন্তু সকল Words, Parts of Speech নয় ।

**Word** যতক্ষনে বাক্যে ব্যবহৃত না হয় অর্থাৎ sentence-এর অংশ না হয়, ততক্ষনে কোন Word-কে part of speech বলা যায় না।

Sentence-এ ব্যবহৃত Word -এর ভূমিকা বা functioning অনুযায়ী সমস্ত Words কে ৮ শ্রেনীতে ভাগ করা যায়। অর্থাৎ words সমূহ বাক্যে ৮ রকমের ভূমিকা পালন করতে পারে। সুতরাং Parts of Speech ৮ প্রকার :

| | | | |
|---|---|---|---|
| 1. Noun<br>2. pronoun<br>3. Adjective<br>4. Verb<br>5. Adverb | সব্যয় | 6. preposition<br>7. conjunction<br>8. Interjection | অব্যয় |

## Noun(বিশেষ্য)

বাক্যে যে word কোন কিছুর নাম Indicate করে তাকেই Noun বলে। Walking is good for health বাক্য walking শব্দটি একটি কাজের নাম বুঝিয়েছে। তাই উহা Noun ।

> বাক্যে Verb -এর subject এবং Object রূপে ব্যবহৃত শব্দগুলি অবশ্যই Noun অথবা Equivalent to Noun (noun -এর সমতুল্য) হতে হবে। preposition-এর Object রূপে ব্যবহৃত Word গুলোও অবশ্যই noun বা Equivalent to Noun হবে।

বাক্যে ব্যবহৃত শব্দসমূহের প্রচুরক Noun । একটি বাক্যে বহুসংখ্যক Noun ব্যবহৃত হতে পারে। কিন্তু **Subject এবং Object ব্যতিত অন্য কোন Noun বাক্যে ব্যবহৃত হলে উহার পূর্বে অবশ্যই preposition বসবে**, অন্যথায় উক্ত noun বাক্য থেকে বিচ্ছিন্ন থাকবে- বাক্যের অংশ হিসাবে গন্য হবে না। এদিক থেকে Preposition – কে Noun এর Connector বলা যায়।

| **Rahim** | **knows** | **Karim** |
|---|---|---|
| Subject | verb | object |

| **Rahim** | **saw** | **Karim** | **in** | **the bus** |
|---|---|---|---|---|
| Subject | verb | object | preposition | noun |

**I go school** -এ বাক্যে School(N) শব্দটি Subject ও নয় object ও নয় বিচ্ছন্ন শব্দ। সুতরাং Preposition চাই।

I go to school (school শব্দটি Preposition ‘to’ দ্বারা connected)

## Pronoun(সবর্নাম)

যে সকল ‘words’ Noun- এর পরিবর্তে ব্যবহৃত হয় অর্থাৎ noun-এর substitute রূপে ব্যবহৃত হয় তাদেরকে pronoun বলে|

বাক্যে noun যে ভূমিকা পালন করে, pronoun-ও Noun এর পরিবর্তে ব্যবহৃত হয়ে ঠিক সে ভূমিকাই পালন করে।অর্থাৎ Pronoun-ও কোন verb-এর subject এবং object হতে পারে। subject বা object না হলে উহার পূর্বেও অবশ্যই preposition বসাতে হবে। অন্যথায় উহা বিচ্ছিন্ন word বলে গন্য হবে ।
সুতরাং noun ও pronoun ভিন্ন শ্রেনীর হলেও ভূমিকা পালনের প্রেক্ষিতে উহারা একই- group- এর বলে বিবেচিত । noun ও pronoun একে অন্যের equivalent ।
বাংলায় দুটোকে একত্রে ‘নামপদ’ বলে অভিহিত করা হয়েছে।

## Adjective (নাম বিশেষন):

যে word শুধুমাত্র noun বা pronoun- কে qualify করে অর্থৎ শুধুমাত্র নামপদের বিশেষত্ব বা বৈশিষ্ট্য প্রকাশ করে, তাকে adjective বলে। যেমন:

GIVE ME A <u>RED</u> <u>PEN</u>

adj N

কেমন pen?-red pen. অর্থাৎ pen (N)-এর বিশেষত্ব বা বৈশিষ্ট্য হচ্ছে red বা লাল।

সুতরাং red শব্দটি adjective| কিন্তু 'Red is my favourite colour' -এ বাক্যটিতে red

শব্দটি noun। কারন এখনে উহা একটি রং এর নাম রূপে ব্যবহৃত এবং 'is' verb এর subject। এছাড়া my শব্দটিও এখানে pronoun নয়। কার favourite colour ? -আমার (my) । 'colour' (N) কে pualify করেছে বলে my শব্দটি এখানে Adjective, 'Favourite' শব্দটিও Adjective।

I walk in the morning- বাক্যে 'walk' verb.

Walking is good for health- বাক্যে 'Walking' noun

The old man is <u>walking</u> with a <u>walking</u> <u>stick.</u>

V adj N

এ বাক্যে প্রথম 'Walking' verb কিন্তু দ্বিতীয় 'Walking' Adjective । কারন উহা stick

(N) কে qualify করেছে । কেমন stick?-'Walking' stick.

**<u>কাজেই কোন Word-এর বাহ্যিক চেহারা দেখে উহাকে কোন নির্দিষ্ট Part of speech রূপে অভিহিত করলে ভুল হবে এবং অবিচার করা হবে ।ঐ Word টি আসলে কি ভূমিকা পালন করছে তার উপরই নির্ভর করবে word টি</u>**

কোন part of speech.।

## Verb (ক্রিয়া)

যে Word দ্বারা কোন কাজ করা বা সম্পন্ন হওয়া বুঝায় তাকে Verb বলে। কাজ করা না বুঝালে উহা Verb নয়। যেমন-

**I <u>walk</u> in the morning** -কাজ করা অর্থাৎ হাটা বুঝিয়েছে।

Verb

**<u>Walking</u> is good for health**-কাজ করা বুঝায়নি।কাজের নাম বুঝিয়েছে।

Noun

**The old man is <u>walking</u> with a <u>walking</u> stick.**

Verb adj

**<u>Verb এর অবশ্যই একটি subject থাকবে।</u>** কারন কাজ করা বোঝাতে কেউকে কাজটি করতে হবে। সুতরাং subject চাই। subject বিহীন verb প্রকৃত verb নয়। (পরবর্তীতে আলোচ্য)

বিপরীতক্রমে, verb ছাড়া subject- এর ও অস্তিত্ব নেই। কারন কোন কাজ না করে কর্তা বা subject হওয়া যায় না। **<u>কাজেই, subject ও verb অঙ্গাঅঙ্গিভাবে জড়িত। একটি অপরটি ছাড়া অচল বা অকল্পনীয়।</u>**

Read the book- বাক্যটিতে ‘read’ finite verb বা সমাপিকা ক্রিয়া নয়। সুতরাং উহার কোন subject নেই। ‘read’ দ্বারা এখানে পড়া কাজটি সম্পন্ন হওয়া বুঝায় না।

## adverb (ক্রিয়া বিশেষণ/ বিশেষনীয় বিশেষন)

যে word; verb; adjective বা অন্য adverb কে modify করে Adverb বলে। যেমন,

Karim is a very good boy

Adv. Adj. N

Boy (N) কে qualify করেছে good। কেমন boy ?- good boy । সুতরাং good adjective । আবার কেমন good ?- very good। very শব্দটি good (adj) কে modify করেছে। সুতরাং 'very' adverb. আবার He walks very slowly. এ বাক্যে Walk (v) কে modify করেছে 'slowly' সুতরাং 'slowly' adverb. আবার slowly (adv) কে modify করেছে very । কেমন ধীরে?- খুব ধীরে অর্থৎ 'very slowly' সুতরাং 'very' শব্দটিও adverb.

Adjective কেবলমাত্র Noun বা Pronoun কে Modify করে। পক্ষান্তরে, Adverb modify করে Verb, Adjective ও অন্য Adverb কে।

## **Preposition (পদান্বয়ী অব্যয়)**

যে Word, Noun বা pronoun এর পূর্বে বসে বাক্যের অণ্য অংশের সাথে ঐ Noun বা Pronoun কে সম্পকিত বা অন্বিত করে, তাকে Preposition বলে।

Put the book the table-বাক্যে the table noun-টি বাক্য থেকে বিচ্ছিন্ন। উহার পূবে 'on' বসলে উহা বাক্যের অংশ হয় বা বাক্যের সাথে সম্পকিত হয়। যেমন, put the book on the table. **সুতরাং এ বাক্যে 'on' একটি preposition।** Preposition বাক্যে ব্যবহৃত

**noun বা pronoun- এর পূর্বে বসে’ ঐ noun বা pronoun কে বাক্যের সাথে সম্পর্কিত করে।**


| |
|---|
| Verb এর subject এবং object ছাড়া বাক্যে ব্যবহৃত অন্য যে কোন noun বা pronoun এর পূর্বে অবশ্যই preposition বসাতে হবে। মূলতঃ preposition বাক্যে Noun বা Pronoun এর Connector রূপে কাজ করে। **Noun বা Pronoun ছাড়া অন্য কোন Part of speech এর পূবে কখনো কোন preposition বসে না।**<br>বিপরীতক্রমে, **preposition এর পরে অবশ্যই Noun বা pronoun বা noun-এর সমতূল্য কোন শব্দ বা শব্দ সমষ্টি অবশ্যই থাকতে হবে। noun বা pronoun না থাকলে preposition নিষ্প্রয়োজন।** |

আমি স্কুলে যাই। এখানে, স্কুলে= স্কুল+এ। অর্থাৎ স্কুল- এর সাথে ‘এ’ বিভক্তি যোগ হয়ে শব্দটি বাক্যে অন্বিত হয়েছে। বাংলা বাক্যে ঠিক এই বিভক্তির কাজটিই ইংরেজী বাক্যে করে preposition

I go to school

Prep N

কতিপয় **Preposition** ও ব্যবহারঃ




## Conjunction (সংযোজক অব্যয়)

যে word একাধিক word বা clause কে যুক্ত করে, তাকে conjunction বলে। যেমন,

**Rhim <u>and</u> Karim went there.**

conj

**I know <u>that</u> he will come.**

conj

## Interjection (আবেগ সূচক অব্যয়)

যে word মনের আবেগ প্রকাশ করে, তাকে interjection বলে। Interjection একটি ভিন্নধর্মী Part of speech। অন্যান্য part of speech -এর মত বাক্যের অন্যান্য word বা অংশের সাথে Interjection -এর প্রত্যক্ষ সম্পৃক্ততা নেই।

**<u>Alas!</u> He is dead.**
Interjection

আবেগ বা Emotion হচ্ছে sudden change of mind। অর্থাৎ interjection মনের কোন হঠাৎ পরিবর্তিত অবস্থাকে ব্যক্ত করে।
এ পরিবতিত অবস্থা আনন্দের বা দুখেঃর, যে কোন ধরনের হতে পারে।

| | |
|---|---|
| Preposition<br>Conjunction<br>Interjection | বাংলায় এ তিনটিকে বলে অব্যয়। কারন এগুলোর কোন ব্যয় বা পরিবর্তন নেই। পক্ষান্তরে, অন্য ৫ টি সব্যয়। কারন তাদের পরিবর্তন আছে। |

যেমন, Man(Noun)-এর Plural form 'men`।

I(pronoun)- এর Objective case 'Me`।

Good (Adjective)- এর Comparative degree 'better`।

Go(Verb)-এর past form 'went`।

Fast(Adverb)-এর Comparative form 'faster`।

কিন্তু, To, from, in (preposition) ইত্যাদির ভিন্ন কোন from নেই। and, but, or (conjunction)ইত্যদির ভিন্ন কোন from নেই। Alas!, Hurrah! (Interjection) ইত্যাদির ভিন্ন কোন from নেই সুতরাং Noun, Pronoun, Adjective, Verb ও Adverb এ ৫টি সব্যয় এবং Preposition, Conjunction ও Interjection- এ ৩টি অব্যয়।

**বিশেষ লক্ষ্যনীয়**

একটি word কোন্ part of speech হবে তা নির্ভর করে বাক্যে ঐ word -টি কি ভূমিকা পালন করে, তার উপর। বাক্যে ব্যবহৃত না

হওয়া পর্যন্ত উহা কোন ভূমিকা পালন করে না এবং কোন part of speech - ও হয়না।কেবল মাত্র বাক্যে ব্যবহৃত word -ই part of speech।

'Water` কোন্ part of speech? -কোন part of speech নয়। একটি word মাত্র।

কিন্তু, I drink water(N) - বাক্যে water একটি part of speech এবং noun.

I water(V) the plant- এখানে water একটি part of speech এবং Verb.

এবং

I need a water(adj) pot- এখানেও water একটি part of speech, তবে adjective.

অনুরূপভাবে,

Man? He is a good man.
N

He manned over the boat.
V

Book? I read a book.
N

I booked two tickets.
v

He is a book worm
adj N

কাজেই, বাক্যে ব্যবহৃত না হওয়া পযন্ত একটি Word - এর Part of speech নির্ণয় করা সম্ভব নয়। এবং বাক্যে ব্যবহৃত না হওয়া পযর্ন্ত মূলতঃ কোন word কোন part of speech - ও হয় না। আবার একই word একই form - এ বিভিন্ন part of speech রূপেও ব্যবহৃত হতে পারে।

আবার, **word ভিন্ন form নিয়েও ভিন্ন part fo speech রূপে ব্যবহৃত হতে পারে**। যেমন, Drive verb, কিন্তু Driver Noun। এরূপ প্রায় সকল verb এর সাথে `er' suffix যোগ করে উহাকে Noun এ রূপান্তর করা যায়। যেমন,

**Verb + er = Noun**

Teach + er = teacher

play + er = player

sing + er = singer

dance + er = dancer

write + er = writer

speak + er = speaker

অর্থাৎ suffix or prefix যুক্ত করে কোন word - এর 'part of speech' change করা যায় এবং করা হয়।

**Prefix & Suffix**

## Prefix (উপসর্গ):

যে letter বা letter সমষ্টি কোন Word এর শুরুতে যুক্ত হয়ে উহার কতকটা পরিবর্তন সাধন করে, তাকে Prefix বলে। শুধু Prefix এর কোন পূর্ন অর্থ নেই। যেমন, Un, dis, mis, in ইত্যাদি।

| Prefix | + | Word | = New Word/Changed Word. |
|---|---|---|---|
| Un | + | necessary | = Unnecessary |
| Dis | + | favour | = disfavour |
| Mis | + | take | = mistake |
| In | + | correct | = incorrect |

## Suffix (প্রত্যয়)

যে letter বা letter সমষ্টি কোন word এর শেষে বা অন্তে যুক্ত হয়ে উহার কতকটা পরিবর্তন সাধন করে, তাকে Suffix বলে। Prefix-এর মত Suffix -এর ও নিজস্ব কোন অর্থ নেই। কিন্তু এরা উভয়েই word কে ভিন্ন মাএা প্রদান করে।

| Word | + | Suffix | = New Word/Changed word |
|---|---|---|---|
| Rapid | + | ly | = rapidly |
| Kind | + | ness | = kindness |
| Examine | + | tion | = examination |
| Care | + | ful | = careful |

Prefix বা suffix কোনটির-ই নিজস্ব কোন শাব্দিক অর্থ নেই। উহারা কেবল অন্য শব্দের সাথে যুক্ত হয়ে ঐ শব্দে পরিবর্তন ঘটায়। Prefix মূল শব্দে পূবে এবং Suffix মুল শব্দের পরে যুক্ত হয়। Prefix বা Suffix যুক্ত করে একই শব্দকে বিভিন্ন ভাবে পরিবর্তন করে বিভিন্ন বাক্যে বিভিন্ন part of speech রূপে ব্যবহার করা যায়।

She is a <u>beauty</u>,
N

She is a <u>beautiful</u> girl,
adj

This tree <u>beautifies</u> the house. ইত্যাদি।
v

| | |
|---|---|
| **Words** | 1. Noun(pronoun)<br>2. Ad-Word (adj. & adv.)<br>3. Verb<br>4. Connector (Prep.& conj)<br>5. Interjection |

বাক্যে একটি finite verb অত্যাবশ্যক। Verb এর subject এবং object হিসাবে Noun বা Pronoun বা Noun এর সমতূল্য word বসবে। এছাড়াও অন্যান্য Noun ও বাক্যে ব্যবহৃত হতে পারে। সুতরাং

একটি বাক্যে সবচেয়ে গুরুত্বপূর্ন এবং প্রধান ভূমিকা পালনকারী Word হচ্ছে Noun এবং Verb ।

Ad-word আসে Noun বা verb কেই qualify বা modify করতে ।
Noun বা Verb ছাড়া Ad-word গুলো নিস্প্রয়োজন।
Connector বিশেষ করে Preposition, Noun ছাড়া ব্যবহৃত হয়না ।

Conjunction অবশ্য যে কোন part of speech কে যুক্ত করে।
Interjection ভিন্নধর্মী Word ।বাক্যে এর ব্যবহার খুবই কম গুরুত্বপূর্ন ।

**Word – এর সঠিক চরিএ বুঝে বাক্যে সার্থক প্রয়োগের দক্ষতাই ভাষায় দখল ।**

** Verbs, Nouns, Adjectives, and adverbs are vocabulary word. Learning vocabulary means learning verbs, nouns, adjectives and adverbs.
Preposition, determiners, pronouns, and conjunction, belong to much smaller classes. These words are sometime called grammatical word.

**Note:** There is also a small class of words called 'interjection' they include oh and mhm.

## Formation of Sentence

Word-এর nature বা প্রকৃতি সম্বন্ধে আমরা মোটামুটি একটা ধারনা পেয়েছি ।এবারে আমরা Sentence গঠনের নিয়ম গুলো জানার চেষ্টা করি।

**একটি sentence এর মূল word হচ্ছে Verb। Verb ছাড়া কোন Sentence হয় না।**

আমরা এও জেনেছি, verb এর অবশ্যই একটি subject থাকবে। তবে object থাকতেও পারে, আবার নাও থাকতে পারে।

> Verb - কে 'কে?' বা 'কারা?' প্রশ্ন করে যে জবাব পওয়া যায়, সাধারনত: সেটাই subject। কিন্তু 'কি?' এবং 'কাকে?' প্রশ্ন করে যে জবাব পাওয়া যায় সেগুলো object।
> আর জবাব না পাওয়া গেলে বুঝতে হবে এ verb টির কোন object নেই। এ ছাড়া অন্যান্য কোন প্রশ্নের জবাব কখনো subject বা object হবে না – হবে Preposition এর object বা Adverbial object ।

'করিম প্রতিদিন স্কুলে যায়' বাক্যটিতে 'যায়' শব্দটি Verb।

Verb - কে যদি 'কে?' প্রশ্ন করা হয়, তাহলে জবাবটি কি আসে? প্রশ্ন করে দেখি। কে যায়? - করিম। হ্যাঁ, জবাব আসে 'করিম'। সুতরাং 'করিম' এ বাক্যে 'যায়' Verb এর subject । ইংরেজী বাক্যে সাধারনত: subject verb - এর পূবে বসে। সুতরাং ইংরেজী করার সময় প্রথমে সাজাতে হবে 'করিম যায়' ।তারপরে 'কোথায় যায়?' - স্কুলে যায়। স্কুলে শব্দটি Noun। কিন্তু উহা subject তো নয়ই - object ও নয়। **কারন 'কি' বা 'কাকে' প্রশ্নের জবাব না হলে noun কখনো verb এর object হয় না**। সুতরাং "school" শব্দটির পূবে একটি preposition 'to' বসবে।কারন Noun subject বা object না হয়ে বাক্যে ব্যবহৃত হলে preposition দ্বারা উহাকে connect করতে হয়।

সুতরাং 'করিম প্রতিদিন স্কুলে যায়' বাক্যটিকে ইংরেজী করার সময় সাজাতে হবে, 'করিম যায় সকুলে প্রতিদিন' - এ ভাবে। অর্থাৎ karim goes to school everyday বা everyday karim goes to school. 'Everyday' এ বাক্যে adverb । উহা সম্পূর্ন ঘটনাটিকে বা বাক্যটিকে modify করেছে। সুতরাং এ ধরনের adverb বক্যের শুরুতেও বসতে পারে, আবার শেষেও বসতে পারে। উহার পূবে কোন preposition বসবেনা।

কারন,

**Noun-Word বা Noun-Phrase ছাড়া অন্য কোন word বা Part of speech এর পূর্বে কোন Preposition বসেনা।**

এখন, 'ছেলেরা নিয়মিত বই পড়ে' - বাক্যটিকে পরীক্ষা করি। এখনে 'পড়ে' শব্দটি verb। 'কারা পরে?' - ছেলেরা। সুতরাং 'ছেলেরা' subject। আবার কি পড়ে?- বই পড়ে। সুতরাং 'বই' object। ইংরেজী বাক্যে subject এর পরে verb এবং verb এর পরে object বসে। সুতরাং ইংরেজী করার সময় বাক্যটি দাড়াবে 'ছেলেরা পরে বই নিয়মিত'।

অর্থাৎ বাক্য কাঠামো বা structure টি হল:

Subject +verb+object+Adverbial

বাক্যটিকে ইংরেজী করলে দাড়াবে,

**The boys read books regularly.**
S V obj. adv.

আমরা আরও একটি বাক্য পরিক্ষা করি, 'রহিম আমেনাকে একটি কলম দিয়াছিল'। এ বাক্যে দিয়ছিল, -verb. কে দিয়েছিল ? -রহিম । সুতরাং 'রহিম' আবার কি দিয়েছিল?- একটি কলম। সুতরাং 'একটি কলম' Object। কাকে দিয়াছিল ?- আমেনাকে। 'আমেনাকে' শব্দটি ও Object।

এ বাক্যে দুটি Object । কারন, 'কি?' এবং 'কাকে ?' দুটি প্রশ্নের জবাবাই object । তবে 'কি?' প্রশ্নের জবাব 'একটি কলম' - direct object এবং 'কাকে' প্রশ্নের জবাব 'আমেনা' Indirect object । verb

এর পরে object সাজানোর সময় Indirect object কে direct object এর পূর্বে বসাতে হবে।

> **<u>শুধুমাত্র ‘কি’ এবং ‘কাকে’ প্রশ্নের জবাবাই object । অন্য কোন প্রশ্নের জবাব object হবে না</u>**। ‘কি’ প্রশ্নের জবাব direct object । এবং ‘কাকে’ ?’ প্রশ্নের জবাব Indirect object । ইংরেজী বাক্যে Indirect object সাধারনত: direct object এর পূর্বে বসে।

সুতরাং ইংরেজী করার সময় বাক্যটিকে সাজাতে হবে:

| <u>রহিম</u> | <u>দিয়ছিল</u> | <u>আমেনাকে</u> | <u>একটি কলম</u>। |
|---|---|---|---|
| subject | verb | Indirect object | direct object |

অর্থাৎ Rahim gave Amena a pen.

এখানে একটা ব্যাপার লক্ষনীয়, আমেনা +কে । noun এর সাথে বাংলায় ‘কে’ বিভক্তি থাকলেও ইংরেজীতে এর পূর্বে কোন preposition বসবেনা। কারন ‘আমেনাকে’ শব্দটি verb এর object । **<u>verb এর subject বা object কোন preposition নেয় না</u>**।

তবে Indirect object কে direct object এর পরে সাজালে Indirect object এর পূর্বে preposition বসাতে হবে। অর্থাৎ Indirect object যদি direct object এর পরে বসে তাহলে
Indirect object অবশ্যই preposition নেবে ।
অর্থাৎ উপরের বাক্যটিকে আমরা এভাবে লিখতে পারি:

Rahim gave a pen to Amena.

S v D.O. I.O

তাহলে দেখা যায় যে বাক্যটির structure হবে:

Subject + verb + Indirect object + direct object


অথবা,

subject+ verb+ direct object+ preposition+ indirect object.

বাক্যে দুটো object থাকলে একটি direct object (D.O) এবং অপরটি indirect object(I.O)। ইংরেজী বাক্যে indirect object টি সাধারনত: direct object এর পূর্বে বসে। যদি indirect object কে direct object এর পরে বসাতে হয়, তবে তার পূবে (অর্থাৎ indirect object এর পূবে) preposition বসাতে হবে।

Direct object এর পরে অন্য যে কোন noun বসলেও তার পূবে preposition বসাতে হবে।অর্থাৎ **direct object এর পরে কোন noun বসলেই preposition দ্বারা connect করতে হবে**

**সংক্ষেপনঃ বিশেষ ভাবে লক্ষ্যনীয়**



অন্যান্য যে কোন প্রশ্ন

| |
|---|
| জবাব Noun হলে তার পূর্বে Preposition বসবে অর্থাৎ Prepositional object (p.o) হবে। আর জবাব Noun না হলে Adverbials. |

সুতরাং প্রথমে verb চিনতে হবে। তার পরে Verb টি কে প্রশ্ন করে সহজেই subject, object বের করে বাক্যটিকে ইংরেজীতে রূপান্তর করা সম্ভব।

Sentence সাজাতে হবেঃ

+ V + I.O + D.O + P.O + Adv.

শুধু মনে রাখতে হবে, I.O যদি D.O এর পরে যায়, তবে অবশ্যই Preposition নিয়ে যাবে,। D.O-এর পরে সব Noun -ই preposition দ্বারা Connect করতে হবে।

'কি' বা 'কাকে' প্রশ্নের জবাব ছাড়া অন্য কোন প্রশ্নের জবাবই Verb এর Object হবেনা।

যদি 'কি' বা 'কাকে' প্রশ্ন করে জবাব না পাওয়া যায়, তবে বুঝতে হবে এ বাক্যে Verb এর কোন Object নেই। তখন উহা Intransitive Verb। আর একটি Object-ও যদি থাকে, তবে উহা Transitive Verb। নিচে দুই ধরনের verb ই দেখানো হলো:

| | |
|---|---|
| **Transitive Verb** (সকর্ম | যে Verb -এর কর্ম বা Object থাকে |
| | **Verb with object** |

| | |
|---|---|
| ক্রিয়া) | (একটি বা দুইটি Object থাকে) |
| **Intransitive Verb** (অকর্ম ক্রিয়া) | যে Verb এর Direct বা Indirect কোন Object -ই থাকেনা। |
| | **Verb Without object** (কি বা কাকে প্রশ্নর জবাব থাকেনা) |

**যে সকল adverb পুরো বাক্যকে modify করে, উহা বাক্যের শুরুতে কিংবা শেষে বসবে। মাঝখানে বসবেনা।**

**এবারে একটু ভিন্ন আলোচনা**

** কিছু Sentence আছে, যাতে verb এর subject পাওয়া যায়না। যেমন: 'আমাদের গ্রামে একটি স্কুল আছে।' বাক্যটিতে 'আছে' শব্দটি verb । 'কে?' বা 'কারা?' আছে কোন জবাব পাওয়া যায়ানা। এক্ষেত্রে সাধারনত: 'there' শব্দটিকে subject হিসাবে ব্যবহার করা হয় এবং verb 'To be' ব্যবহার করা হয়।

There is a school in our villege - **এ বাক্যে মূলতঃ 'school' শব্দটি subject.**

এরূপ কোন স্হানে কিছু থাকলে বা আছে বোঝাতে 'there' দ্বারা Sentence শুরু হয় এবং এ 'there' এর কোন অর্থ নেই। ইহাকে Introductory There বা প্রারম্ভিক There বলে।

'It' ও প্রায়শ Introductory 'It' রূপে ব্যবরহৃত হয়।

যেমনঃ

It rains.

It was night then.

It is our duty to serve the country.

Introductory ‘It’ বা Introductory ‘There’ এগুলো বাক্যে ‘empty word’ বা ‘false’ word। বাক্যে এরা কোন অর্থ প্রকাশ করেনা।

** Transitive ও Intransitive ছাড়াও কিছু verb আছে যা Intransitive কিন্তু object এর মত একটি noun গ্রহন করে (কখনও adjective)। এ verb কে বলা হয় Copulative verb বা linking verb এবং এদের পরে noun বা adjective কে বলে Complement |

The pen is black-এ বাক্যে ‘is’ verb-টি মূলতঃ ‘black’ শব্দটি ও pen (subject)-এর মধ্যে যোগাযোগ স্হাপন করছে। সুতরাং ‘is’ linking verb. আবার ‘black’ কথাটি না থাকলে বাক্যটি সম্পূর্ণ বা পরিপূর্ণ হয়না। সুতারাং ‘black’ complement।

He <u>is</u> <u>a man.</u>

Linking verb complement

Linking verb এর Complement সাধারনতঃ Noun বা Adjective হয়। Adverb-ও হয়। এছাড়া বাক্যে কতগুলো false বা empty verb ও ব্যবহৃত হয়, যাদের সরাসরি কোন অর্থ থাকেনা।যেমনঃ

I <u>made</u> him do the work.

Empty verb

এ বাক্যে ‘made’ verb-টির সরাসরি কোন অর্থ পাওয়া যায় না অথচ প্রয়োজনীয়।

আবার, We often swim in the pond. বাক্যেটিকে যদি লেখা হয়, We often have a swim in the pond.

Sentence দুটি একই অর্থ ব্যক্ত করে। কিন্তু দ্বিতীয় বাক্যে ‘have’ অর্থ প্রকাশ করেনা। উহা empty verb।

এরূপ give, make, go ইত্যাদি empty verb রূপে ব্যবহৃত হয়। যেমন:-

We have run for run.

We made a journey.

I took a look.

He gave me a smile.

I go for a ride.

বাক্যগুলোতে have, made, took, gave, go ইত্যাদি empty verb রূপে ব্যবহৃত।

## Some sentence patterns

1. Subject + verb + Object (Transitive verb)

a) The women loved the man
b) We eat rice

2. Subject + Intransitive verb (No object)

a) He sleeps.
b) A coach stopped.

3.Subject +verb (Transitive)+Indirect object +Direct object.

| | | | |
|---|---|---|---|
| a) I | lent | her | my pen. |
| b) The old man | told | us | a story. |

4. S +Vt + D.O + prep. + Indirect / prepositional object .

| | | | | |
|---|---|---|---|---|
| a) I | lent | my pen | to | her. |
| b) I | bought | a watch | for | my friend. |

5. Subject + Linking Verb + Complement

| | | |
|---|---|---|
| a) The thief | was | rather unlucky. |
| b) The detective | became | an inspector. |

6. Subject + Verb + Adverbials.

| | | |
|---|---|---|
| a) The cat | was | over his arm |
| b) The conference | is | every year. |

7. Subject + Verb + Object+ Complement.

| | | | |
|---|---|---|---|
| a) They | call | the inspector | Sir. |

8. Subject + Verb (Transitive) + object + Adverbial.

| | | | |
|---|---|---|---|
| a) He | put | the coat | over his arm. |

9. Subject + Verb + Object+ Adjective.

| | | | |
|---|---|---|---|
| a) The boy | pushed | the door | open. |
| b) You | have made | your shirt | dirty. |

**N.B.** বাক্যের Subject অংশটুকু বাদে verb ও object সহ বাকী অংশ Predicate । Subject ও Object- এর qualifying word – গুলো অবশ্যই adjective বা Adjective Phrase এবং verb – এর modifying word – গুলো Adverb বা Adverb Phrase। এদের কে Adjuncts (অলংকার) বলে।

## Classification of verb

Formation of sentence বা বাক্য গঠনের technology আমরা অনেকটা রপ্ত করতে পেরেছি বলে মনে করি Subject predicate এবং Adjuncts বা এর প্রয়োজনীয় উপাদান
(Elements)-এবং elements গুলোর বিন্যাস আমরা জেনেছি। এখন আমরা Sentence গঠনে মোটামুটি সক্ষম।

কিন্তু একটা কথা আমাদের আলোচনায় বার বার এসেছে যে, verb ছাড়া কোন Sentence হয় না। Verb is the soul of a sentence অর্থাৎ Verb-ই sentence এর প্রান বা আত্মা। একটি sentence - কে যদি রাষ্ট্র(state) ধরা হয়, তবে
Verb ঐ state এর government.

আমরা জানি subject এর পরেই সাধারনতঃ verb বসে। কিন্তু verb এর variation প্রচুর। verb এর গন্ডির মধ্যেই verb এর variation ঘটে। কখনে নানা কারনে এই verb বিভিন্ন form গ্রহন এবং auxiliary verb গ্রহন করে। আবার বিভিন্ন auxiliary verb এর উপস্থিতিতে একই verb বিভিন্ন অর্থ প্রকাশ করে।ইত্যাদি নানা রকমের variation বা বৈচিত্র verb এর গন্ডিতে থাকে।কাজেই এ variation বুঝতে হলে verb এর বিভিন্ন প্রকারভেদ
এবং উহাদের ব্যবহার বা উপযুক্ত প্রয়োগ সমন্ধে বিস্তারিত জানতে হবে। এবং আমি মনেকরি এ পর্য্যায়ে এসে তা জানতে পারলেই English language এর grammar বা technology সমন্ধে ৮০% জানা সম্পন্ন।

তাহলে এবার আমরা verb সম্পর্কে অত্যন্ত যত্ন সহকারে, যুক্তি সহকারে এবং সতকর্তার সাথে জানার চেষ্টা করব।আবারও বলছি grammar বা verb একটি গুরুত্বপুর্ন অধ্যায়।

বিভিন্ন কারনে বা দৃষ্টিকোন বিচার করে verb কে বিভিন্ন শ্রেনীতে ভাগ করা হয়।

যেমন-object বিচারে verb দুই প্রকার।
যথা:

A) Transitive এবং

B) Intransitive

আবার বিভিন্ন form এর গঠন বিচারে দুই প্রকার।
যথাঃ

A) Strong verb এবং

B) Weak verb।

আবার functioning বিচারে দুই প্রাকার।
যথাঃ

A) Principal verb,

B) Auxiliary verb ইত্যাদি।

এভাবে বিভিন্ন প্রেক্ষিতে verb এর শ্রেনী বিভাগ নিম্নরূপ:

## <u>Verb</u>

| | |
|---|---|
| **Transitive (সকর্ম)**<br>Verb with object | **Intransitive(অকর্ম)**<br>verb without object |
| **Strong Verb**<br>যে সকল verb এর vowel পরিবর্তন করে বা পুরো word কে বদলে দিয়ে past form বা past participle form গঠন করা হয়। যেমন, write, wrote, written বা go, went, gone. | **Weak Verb**<br>যে সকল verb এর সাথে ed যোগ করে অতি সহজেই past বা past participle form করা হয় যেমন, work-worked -worked |
| **Principal Verb (মূল Verb)**<br>বাক্যে অর্থ প্রকাশের প্রয়োজনে ব্যবহৃত হয়। বা বাক্যে অবশ্যই অর্থ প্রকাশ করবে এবং কোন কার্জ সম্পাদন বুঝাবে। যেমন, read, eat ইত্যাদি। | **Auxiliary Verb**<br>বাক্যে কোন অর্থ প্রকাশ করেনা। কিন্তু Principal verb এর variation-এ বা বিভিন্ন অর্থ ব্যক্ত করতে সাহায্য করে। যেমন am, do, shall<br>I am going<br>He will come |

| Finite Verb(সমাপিকা) | Non-finite Verb(অসমাপিকা) |
|---|---|
| ১. বাক্যে অর্থ সমাপ্ত করে।<br>২. বাক্যে verb ছাড়া অন্য parts of speech রূপে ব্যবহৃত হয় না।<br>৩. আবশ্যই একটি subject থাকবে।<br>৪. Finite verb ছাড়া কোন হয় না। | ১. বাক্যে অর্থ সমাপ্ত করে না।<br>২. মূলত : form পরিবর্তন করে অন্য parts of speech রূপেও বাক্যে ব্যবহৃত হয়।<br>৩. অবশ্যই কোন subject থাকবে না।<br>৪. Sentence গঠনে আবশ্যকতা নেই। |

এ বিভাগ থেকে আমাদের মনে একটা সংশয় সৃষ্টি হতে পারে যে, একটা verb একাধিক বিভাগে পড়তে পারেনা। এ সংশয় দুর করার জন্য বলছি, একই verb একাধিক বিভাগে পড়তে পারে। নীচের sentence গুলো পরীক্ষা করে দেখি। এ sentence গুলোতে আমরা 'Do' verb এর ব্যবহার দেখব।

I do the sum- sentence টিতে 'do' principal verb এবং transitive verb, উহা অর্থ প্রকাশ করেছে এবং Object গ্রহন করেছে।

I did the sum- এখানে উহা strong verb এর কাঠামোতে past form হয়েছে।

I do not go- এখানে ‘do’ Auxiliary verb ‘go’ verb কে ‘না’ বোধক ভাব প্রকাছে সাহায্য করেছে। এবং প্রতি ক্ষেত্রেই ‘Do’ Finite verb রূপে ব্যবহৃত হয়েছে এবং প্রতিটি sentence-এ ই ‘I’, ‘do’ verb এর subject ।

I got the sum done by him- বাক্যটিতে ‘do’ non-finite form- এ আছে।

কাজেই একই verb উহার functioning অনুযায়ী বিভিন্ন বিভাগে অর্ন্তভূক্ত হয়।

**Transitive verb:** যে verb এর object থাকে তাকে transitive verb বলে। I eat rice.

**Intransitive verb:** যে verb এর object থাকেনা তাকে intransitive verb বলে। we sleep at night.

**Strong verb:** যে verb বিভিন্ন form গঠন করার সময় vowel পরিবর্তন করে বা ভিন্ন Word গ্রহন করে বা ‘En’ যুক্ত হয়ে past এবং past participle form গঠন করে।

Write wrote written- vowel পরিবর্তিত এবং ‘en’ যুক্ত।
Go went gone- ভিন্ন শব্দ

**Weak Verb:** যে Verb সাধারনতঃ ‘en’ যুক্ত হয়ে past এবং past participle form হয়। যেমন- work worked worked.

আরও কিছু verb আছে যা strong verb- ও হয় এবং weak verb-ও হয়। কিন্তু strong verb এক অর্থ দেয় এবং weak verb এ অন্য অর্থ

দেয়।

যেমন-

Hang:

Hang Hung Hung- strong verb- কোন কিছু ঝোলানো।

Hang Hanged Hanged- Weak Verb- ফাঁসি দেয়া।

**Principal verb:** বাক্যে অর্থ প্রকাশে প্রয়োজনে যে verb ব্যবহৃত হয় তাকে principal verb বলে। উহা দ্বারা কোন কার্য্য সম্পাদন করা বুঝায়। যেমন- I am reading a book বাক্যটিতে 'read' principal verb রূপে ব্যবহৃত হয়েছে।

> কোন কারনে principal verb এর non-finite form- হলে, উহার পূর্বে একটি auxiliary verb বসবে। এবং auxiliary verb টির finite form (present or, past form) হবে। কারন subject এর পরে অবশ্যই finite verb থাকতে হবে।

**Auxiliary verb:** যে সকল verb বাক্যে অর্থ প্রকাশ করে না, কিন্তু principal verb এর যথার্থ অর্থ প্রকাশে সাহায্য করে। এবং কোন কারনে non- finite form হলে বাক্যের subject কে finite verb সরবরাহ করে (কোন অর্থ প্রকাশ না করে), তাকে auxiliary verb বলে।

## Tense (ক্রিয়ার কাল বা কাল )

যাহা কিছু ঘটে, কোন না কোন সময়ের মধ্যেই ঘটে। সময়ের বাইরে কোন ঘটনাই ঘটা সম্ভব নয়। কাজেই প্রত্যেকটি কাজ বা ক্রিযার একটি সময় থাকে।

কোন কাজ যে সময় নিস্পন্ন হয়, কাজের ঐ সময়কেই Tense বলা হয়। অর্থাৎ, কোন ক্রিয়া নিস্পন্ন হওয়ার সময়কেই Tense বলে।

সময়কে আমরা মোটামুটিভাবে ৩ টি ভাগ করে থাকি। যথা :

1. বর্তমান,
2. অতীত ও
3. ভবিষ্যৎ।

কোন কাজ সাধারনত : সময়ের ৩টি ভাগের যে কোন একটি ভাগে নিষ্পন্ন হয়ে থাকে। অর্থাৎ কোন কাজ বর্তমান বা অতীত বা ভবিষ্যৎ কালে নিষ্পন্ন হয়ে থাকে-এ তিনটি সময়ের বাইরে যেতে পারে না। তাই ক্রিয়া নিষ্পন্ন হওয়ার সময় বা Tense-ও ৩ প্রকারঃ

1. Present Tense (বর্তমান কাল) - I go (আমি যাই)
2. Past Tense (অতীতকাল)- I Went. (আমি গিয়াছিলাম )
3. Future Tense (ভবিষৎকাল)- I shall go. (আমি যাব )

সময় গননার শুরু থেকে বর্তমান সময় প্রর্যন্ত অতীত কাল। বর্তমান থেকে অনাগত ভবিষ্যৎ সময়- সবই ভবিষ্যৎ কাল। অতীত ও ভবিষ্যতের সন্ধিক্ষন বর্তমান।

অতীতের ব্যাপ্তি অনেক। ভবিষ্যত অসীম। বর্তমানের ব্যপ্তি তুলনামূলক সামান্য বা নগন্য।

| | | |
|---|---|---|
| অতীত<br>Past | বর্তমান<br>Present | ভবিষ্যৎ<br>Future |

উপরের উদাহরন তিনটি লক্ষ্য করলে দেখা যায়ঃ

I) Present Tense- এ Verb -এর Present form ব্যবহৃত হয় ।

II) Past Tense- বোঝাতে Verb - এর Past form ব্যবহৃত হয় ।

III) Future Tense- বোঝাতে Verb - এর bear infinitive form ব্যবহৃত হয় এবং উহার পূবে 'shall' বা 'will' modal auxiliary Verb বসে ।

কাজেই, কোন Sentence -এ Verb -এর Present form থাকলে বুঝতে হবে উহা Present Tense –এ আছে । অর্থাৎ Verb - এর Present form – ই এর পরিচায়ক বা signal ।

অনুরূপভাবে, Verb – এর Past form দেখে বুঝতে হবে, বাক্যটি অবশ্য Past tense –এ আছে । এবং modals (shall বা will)- এর পরে bare infinite সবসময়ই futurity বা ভাবিষ্যৎ কালের ইঙ্গীত করে ।

তাহলে present, past ও future tense সম্বন্ধে আমাদের ধারনা মোটামুটি পরিষ্কার। কিন্তু এ তিনটি সময়ের মধ্যে হলেও, কাজের অবস্হার প্রেক্ষিতে প্রত্যেকটি Tense - কে আবার দু'ভাগে ভাগ করা যায়ঃ

(i) Definite and

(ii) Indefinite

| | |
|---|---|
| **Present, Past, Future tense** | **Definite (নির্দিষ্ট):**<br>আমি চা খাচ্ছি<br>আমি চা খেয়েছি<br>'খাচ্ছি'বা 'খেয়েছি' বললে কাজের নির্দিষ্ট একটা অবস্হা বোঝাচেছ। কাজটি চলন্ত অবস্হায় আছে অথবা সমাপ্ত হয়ে গিয়েছে । কাজের নির্দিষ্ট একটি মাএ অবস্হা বুঝাচেছ ।<br>হয় চলন্ত অথবা সমাপ্ত । |
| | **Indefinite(অনির্দিষ্ট):**<br>আমি চা খাই<br>'খাই' বললে কাজের অবস্হা নির্দিষ্ট করে বুঝানো যায় না এবং কাজটি কখন হয় তা নির্দিষ্ট নয় । এখন খাই অথবা এখন খাই না তবে খাওয়ার অভ্যেস আছে । কাজেই দুটো sense প্রকাশ করে সুতারাং উহা Indefinite । |

| | |
|---|---|
| | Definite কোন একটা sense বুঝায় না। |

**সুতরাং Definite অবস্থা দুই প্রকার**

| | | | |
|---|---|---|---|
| সুতারাং Definite অবস্হা দুই প্রকার | **Perfect (সমাপ্ত)** HAVE + Past Participle = Perfect | } | **Perfect continuous (চলন্ত ও সমাপ্ত)** অর্থাৎ, কোন কাজের আংশিক সমাপ্ত এবং আংশিক চলন্ত অবস্হা বুঝায় । |
| | **Continuous (চলন্ত)** BE + Present Participle = Continuous | | |

## একটু লক্ষ্য করলেই বোঝা যাবে:

**কোন কাজের চলন্ত বা সমাপ্ত অবস্থা Definite । চলন্ত বা সমাপ্ত কোন অবস্থা না বোঝালেই Indefinite।**
চলন্ত অবস্থা বোঝালে Definite না বলে বলা যায় Continuous এবং সমাপ্ত অবস্থা বোঝালে Definite না বলে বলা যায় Perfect । আবার কোন কাজের চলন্ত এবং সমাপ্ত যুগপৎ দুটো অবস্থা বোঝালে Perfect Continuous

| । অবশ্য উহাও Definite। | | | | |
|---|---|---|---|---|
| Tense | Present<br>Past<br>Future | a) Indifinite (চলন্ত বা সমাপ্ত কোন অবস্থাই প্রকাশ করে না) | b) Continuous/ Imperfect(চলন্ত বা সমাপ্ত) | d) Perfect Continuous (একই কাজের একত্রে দুটো অবস্থা - চলন্ত এবং সমাপ্ত ) |
| | | Definite (চলন্ত ও সমাপ্ত অবস্থা বুঝায়) | c) Perfect (সমাপ্ত) | |

সুতরাং প্রত্যেকটি Tense - কে কাজের অবস্থার প্রেক্ষিতে আবার চার ভাগে ভাগ করা যায়:

a) Indefinite

b) Continuous

c) Perfect এবং

d) Perfect Continuous

1. Present Tense = Verb এর Present form

2. Past Tense = Verb এর Past form

3. Future Tense = Shall/will + bare infinitive.

4.Continious = BE+Present Participle (V+ing)

5.Perfect = Have + Past Participle

N.B.

i) Present, Past এবং Future মূল ভাগ তিনতি হয় কোন কাজের সময়ের প্রেক্ষিতে।

ii) Indefinite, Continuous, Perfect এবং Perfect Continuous এ ভাগ চারটি হয় কাজের অবস্থার প্রেক্ষিতে।

## Indefinite Tens

(চলন্ত বা সমাপ্ত কোন অবস্হাই বোঝাবে না)

### 1. Present Indefinite Tense:

a) কোন কাজ বর্তমানে হয় -We read books.

b) বর্তমানের অভ্যাস -I walk in the morning.

c) চিরন্তন সত্য -the earth is round.

**গঠন:** Verb এর present form হয়্। subject 3rd person singular number হলে, verb
এর সাথে 's' বা 'es' যোগ হব।

যেমন- Uttpol goes to school.

### 2. Past indefinite tense:

a) কোন কাজ অতীতে হয়েছিল-i went there.

b) অতীতের অভ্যাস- I walked in the morning.

**গঠন:** verb এর past form হয়।

### 3. Future indefinite tense:

a) কোন কাজ ভবিষ্যতে হবে -I shall buy a book.

**গঠন:** Verb এর 'bare infinitive' form হয় এবং উহার পূর্বে Shall/will (modals) বসে।

Shall/will + bare infinitive.

## Continuous tense (চলন্ত বা অসমাপ্ত অবস্হা)

## (Be+ Present Participle = Continuous)

1. **Present continuous tense**(বর্তমানে চলন্ত): কোন কাজ বতমানে চলন্ত অবস্হায় আছে। যেমন:-আমরা পড়ছি (পড়িতেছি)-we are reading.

**গঠন:** Continuous = Be+ present participle(v+ing)তবে present Tense এর signal রূপে Be-verb এর present form(am,is,are)হবে।

2. **Past continuous tense** (অতীতে চলন্ত): কোন কাজ অতীতে চলন্ত অবস্হায় ছিল বা চলছিল। যেমন: -তারা খেলছিল(খেলতেছিল)they were playing.

**গঠন:** Continuous = BE + present participle। তবে past tense এর signal রূপে be-verb এর past form (was, were)হবে।

3. **Future continuous tense**(ভবিষ্যতে চলন্ত): কোন কাজ ভাবিষ্যতে চলন্ত অবস্হায় থাকবে। যেমন:-তারা খেলতে থাকবে - they will be playing.

**গঠন:** Continuous = BE + present participle তবে Future tense এর signal রূপে BE -verb এর bare infinitive form হবে এবং তার পূর্বে shall বা will বসবে।

## Perfect Tense (সমাপ্ত)

(HAVE + Past Participle)

**1. Present Perfect Tense** (বর্তমানে সমাপ্ত): কোন কাজ বর্তমান সময়ের মধ্যে সমাপ্ত হয়েছে বা কেবল মাএ সমাপ্ত হয়েছে। অথবা কাজ সমাপ্ত হলে কাজের ফলাফল এখনও বর্তমান।

যেমনঃ

সে আজ এসেছে- He has come today. (কাজ সমাপ্ত, কিন্তু সময় বর্তমান)

আমি ভাত খেয়েছি- I have eaten rice. (কাজ সমাপ্ত, কিন্তু ফলাফল বর্তমান)

কিন্তু আমি ভাত খেয়েছিলাম (Past Indefinite) - I ate rice. (কাজ সমাপ্ত এবং ফলাফল ও অতীত )

সে গত কাল এসেছে (Past Indefinite) - He came yesterday. (কাজ সমাপ্ত এবং সময়ও অতীত )

**গঠনঃ** Perfect = HAVE + Past Participle । তবে Present Tense এর signal রূপে HAVE-Verb এর Present form (have বা has) বসবে।

**2. Past Perfect Tense:** এ Tense টির ব্যবহার সাধারনতঃ Complex Sentence এ দেখা যায় । Complex sentence এ অতীতের দুটি ঘটনা বর্ননা করতে Principal clause এর verb টি Past Tense এর হলে Subordinate clause এর Verb টির Past Perfect Tense হয়ে থাকে ।

I said that I had gone there.

Principal clause Subordinate clause

অথবা, অতীতে দুটি কাজ সমাপ্ত হয়েছে (একই বাক্যে) বুঝালে যে কাজটি অধিকতর পূর্বে সমাপ্ত বুঝায়, উহার Past Perfect Tense হয় এবং তুলনামূলক ভাবে পরে সমাপ্ত কাজটির Past Indefinite Tense হয় ।

এক্ষেত্রে Clause দুটি সাধারনতঃ 'পূর্বে' (Before) এবং 'পরে' (After) conjunction দ্বারা যুক্ত হয়। Perfect tense টি 'Before' Conjunction এর পূর্বে বসে এবং 'After' conjunction এর পরে বসে।

Before: I had slept before you came.

After: you came after I had slept.

**গঠন:** Perfect + Have + past participle. তবে past tense এর signal রুপে Have এর Past form Had বসবে ।

অর্থাৎ, Had + past participle = past perfect

**Simple Sentence -Past indefinite tense-এর পরিবর্তেও past perfect tense ব্যবহার করা যায় যেমন, আমি গিয়াছিলাম – I hade gone তবে, অতিতের ঘটনা বোঝাতে simple sentence -এ past perfect tens ব্যবহার না করা ভাল।**
**Complex Sentence –ই এর উপযুক্ত স্হান।**

**3. Future perfect tense:** একই বাক্যে ভবিষ্যতে দুটি কাজের উল্লেখ তাকলে ।যে কাজটি অধিকতর আগে সমাপ্ত হবে।

তুমি আসিবার পূর্বে আমি ঘুমাব –I shall have slept before you will come (Or you come)
**গঠন:** Perfect = HAVE + Past Participle । তবে future tense এর signal রুপে have এর bare infinitive from –এর পূবে shall বা will বসবে।

Past Perfect -এর মত future perfect এরও উপযুক্ত স্হান complex sentence ।

## Perfect continuous (সমাপ্ত এবং চলন্ত)

**1. Present Perfect Continuous Tense**(বর্তমানে সমাপ্ত এবং চলন্ত অবস্হা):

কোন কাজের আংশিক সমাপ্ত এবং বাকিটা বর্তমানে চলন্ত অবস্হায় আছে এরূপ বুঝালে উহার Present perfect continuous tense হয় ।

যেমন: আমরা দুই ঘন্টা যাবত পড়ছি -We have been Reading for tow hours.

দুই ঘন্টার কাজ সমাপ্ত বা perfect । বাকি কাজ এখনও চলন্ত বা continuous।

**গঠন:** Continuous = BE + present participle এবং যেহেতু, Perfect = HAVE +past participle, ‘be verb’ -এর past participle from ‘been’ হবে এবং উহার পূবে have verb বসবে । তবে present এর signal রূপে have এর present from (have or has)হবে।

**2. Past perfect continuous tense** (অতিতের সমাপ্ত চলন্ত):

কোন কাজ অতিতে চলন্ত ছিল এবং অতিতেই সমাপ্ত হয়েছে অর্থাৎ অতীতেই সমাপ্ত হয়েছিল ।

যেমন, আমি সকাল ৮টা হইতে ১০টা পযন্ত অংক করিয়াছিলাম -I had been doing sum from 8 am to 10 am ।

পুরা ঘটনাটি অতিতের। ৮টা থেকে ১০টা পযন্ত চলন্ত ছিল, সুতরাং continuous। ১০টার পরে সমাপ্ত, সুতরাং Perfect

**গঠন:** Be + present participle = Continuous এবং perfect tense এর কারনে be - verb এর past participle 'been' হবে এবং উহার পূর্বে have এর past from 'had' বসবে।

**3. Future perfect continuous tense** (ভবিষ্যতে চলন্ত সমাপ্ত ):
কোন কাজ ভবিষ্যতে চলন্ত অবস্হায় থাববে এবং উহার সমাপ্ত অবস্থাও বেঝাবে।

যেমন: আমরা বিকাল ৪টা থেকে ৫টা পর্যন্ত খেলব -we shall have been playing from 4 pm to 5pm

পুরো ঘটনাটি ভবিষ্যতের। সুতরাং Future Tense ৪টা থেকে ৫টা পর্যন্ত চলন্ত থাকবে। সুতরাং continuous। ৫টায় কাজটি সমাপ্ত। সুতরাং Perfect.

**গঠনঃ** continuous = BE+ Present Participle এবং Perfect= HAVE+ BE এর Past Participle এবং future = shall/ will + Have এর bare infinitive.

একটা ব্যপার লক্ষনীয় যে কোন Perfect Continuous Tense বোঝাতে বাংলা বাক্যে

সাধারনতঃ সময়ের উল্লেখ থাকে।



# Tense Table

| Tenses | Indefinite | Continuous Be+(V+ ing) Present Participle | Perfect (HAVE+Past Participle) | Perfect Continuous (HAVE +past participle BE+Present participle) |
|---|---|---|---|---|
| Present (past form) | I go | I am going | I have gone | I have been going |
| Past (Past from) | I west | I was going | I had gone | I had been going |
| Future (shall/will+ bare infinitive) | I shall go | I shall be going | I shall have gone | I shall have been going |

Present Indefinite ও Past Indefinite Tense দুটোতে Verb এর যথাক্রমে Present ও Past form ব্যবহৃত হয়েছে। দুটোই Finite form ।কাজেই উহাদের পূর্বে কোন Auxiliary Verb বসেনি।এছাড়া বাকি ১০টি Tense -এই মূল Verb এর non-finite form ব্যবহৃত হয়। সুতরাং এ ক্ষেত্রে এক বা একাধিক Auxiliary verb বসেছে।

তবে Auxiliary verb – একাধিক থাকলেও finite Verb একটি করেই আছে।

## 5 kinds of sentence

সে আসে। He comes -(বর্ননা বুঝায়) - Assertive sentence.

সে আসে? Does he come? - ‘প্রশ্ন বুঝায়’ - Interrogative sentence.

সে আসে! What! he comes. -(আবেগ)-Exclamatory sentence.

বইটি পড়। Read the book. -Imperative sentence.

(কোন কিছু করতে বলা হয়েছে, কিন্তু কোন কাজ করা বা সম্পন্ন হওয়া বুঝায়নি।)

দীর্ঘজীবী হও। May you live long.- Optative sentence.

(ইচ্ছা বা প্রার্থনা বুঝায়।কারন দীর্ঘজীবী হওয়া বা দীর্ঘ জীবী করা আমাদের সামথ্যের বাইরে।এ ক্ষেত্রে আমরা শুধু ইচ্ছা প্রকাশ করতে পারি।)

সুতরাংSentence ৫প্রকার:

1. Assertive Sentence - বর্ননা মূলক বাক্য।
2. Interrogative Sentence- প্রশ্ন বোধক বাক্য।
3. Exclamatory Sentence-আবেগ সূচক বাক্য।

4. Imperative Sentence-আদেশ সূচক/ অনুমতি প্রার্থনা/ প্রস্তাব বুঝায়।

5. optative Sentence-ইচ্ছা সূচক বাক্য /প্রর্থনা বুঝায়।

**1. Assertive Sentence** (বনর্নামূলক বাক্য): যে sentence কোন ঘটনা বা কোন কিছুর বর্ননা করে, তাকে Assertive Sentence বলে।

যেমন:-

সে ভাত খায় -He eats rice.

সে ভাত খায়না -He does not eat rice.

**গঠন**: Subject + Verb + Extension.

Assertive Sentence-ই ভাষার মৌলিক বা ভিত্তি মূলক Sentence। ভাষায় এর ব্যবহারই প্রচুর।

**2. Interrogative Sentence** (প্রশ্ন বোধক বাক্য): যে sentence-এ কোন প্রশ্ন করা বা জিজ্ঞাসা প্রকাশ করে, তাকে Interrogative sentence বলে।

যেমন:-

তুমি কি আমাকে চেন?-Do you know me?

তুমি আমাকে চেন না?-Do you not know me?

**গঠন:** Interrogative sentence-এ subject এর পূবে অবশ্যই একটি Auxiliary verb বসবে।

আমরা আগেই জেনেছি, Present Indefinite এবং Past Indefinite Tense -এ কোন auxiliary verb থাকেনা। বাকী ১০টি tense -এ অবশ্যই এক বা একাধিক auxiliary verb থাকে ।এবং subject এর পরে auxiliary verb- টির অথবা যে কোন verb –এর finite form (অর্থাৎ Present বা Past form) হবে । সুতারাং যে সকল sentence -এ subject এর পরে
auxiliary verb থাকে, সে sentence গুলোকে Interrogative করতে শুধু মাত্র auxiliary verb কে subject এর পূর্বে এনে বসাতে হবে।

Present ও Past Indefinite Tense এর ক্ষেত্রে (যেহেতু কোন auxiliary verb থাকেনা) 'To do' auxiliary verb টি subject এর পূর্বে বসবে। এবং মূল verb এর bare indefinite form হবে।

<u>**Interrogative sentence- এ subject এর পূবে অবশ্যই একটি Auxiliary verb থাকতে হবে।**</u>

Present ও past indefinite tense এ Auxiliary verb থাকে না বলে যথাক্রমে do বা did ব্যবহার করতে হবে। উহা subject এর পূর্বে বসবে এবং verb এর bare infinitive form হবে। অন্যান্য Tense এ অবশ্যই এক বা একাধিক auxiliary verb থাকে এবং finite form এর Auxiliary verb টি কে subject এর পূর্বে এনে বসালেই sentence টি

Interrogative হয়ে যায়।

যেমনঃ-

You Know me. (Present Indefinite)-Assertive.

Do you Know me? (Present Indefinite)- Interrogative.

He went there. (Past Indefinite)- Assertive.

Did he go there? (Past Indefinite) Interrogative.

He is going. (Continuous)-IS he going?

I shall go. (Future)-Shall I go?

He has gone. (Perfect)- Has he gone?

বাক্যে 'কে', 'কোথায়', 'কেন', 'কোনটি' 'কেমন' ইত্যাদি প্রশ্ন বোধক শব্দ থাকলে ইংরেজীতে sentence এ *'who', 'where', 'why', 'which' 'how', 'when'* ইত্যাদি word গুলো অর্থ অনুযায়ী বসবে।

এ গুলোকে WH-word বলে। কারন প্রত্যেকটি word- এ-ই WH- আছে। wh-word সব সময়ই sentence বা clause এর শুরুতে বসে। তবে WH- word থাকুক বা না থাকুক, interrogative এর মূল signal হচ্ছে Subject এর পূর্বে একটি auxiliary verb I

Subject এর পূর্বে Auxiliary verb না থাকলে তা interrogative sentence হবে না ।

তুমি কি খাও? Do you eat? ('কি' এখানে গুরুত্ব হীন)

তুমি কি খাও? What do you eat?('কি' এখানে গুরুত্ববহ)

তুমি কেন এসছ? Why have you come?

তাহারা কোথায় যাচ্ছে? Where are they going?

তুমি কিভাবে এসেছিলে? How did you come?

**তবে Subject যখন wh-word বা wh-phrase হয়, তখন উহার পূবে Auxiliary verb বসেনা ।** যেমনঃ Who went there? অথবা, Who is there? What happened to you? ইত্যাদি।

**3. Exclamatory Sentence** (আবেগ সূচক বাক্য): যে sentence আবেগ প্রকাশ করে, তাকে আবেগ সূচক বাক্য বা Exclamatory sentence বলে।

আবেগ বা emotion বলতে মনের হঠাৎ পরিবর্তিত অবস্থাকে বুঝায় । যেমন:- ভয়; ক্রোধ, আনন্দ, দুঃখ, বিষাদ, উল্লাস ইত্যাদি।

Alas! He is dead.

আমরা Parts of speech এ পড়েছি, Interjection আবেগ সূচক শব্দ ।

সুতরাং Exclamatory sentence এর শুরুতে আবেগ সূচক Word অর্থাৎ একটি Interjection বসবে ।

উপরের sentence টি থেকে ‘Alas’!শব্দটি (Interjection) বাদ দিলে He is dead-

Assertive sentence হয়ে যায়।

‘What’ এবং ‘How’ wh-word দুটিও Exclamatory sentence এ ব্যবহৃত হয় ।

যেমন:-

What a nice bird it is!

How nice the bird is!

Sentence দুটিতে What এবং How (কি এবং কত) কোন প্রশ্ন করেনি । উহারা অত্যাধিক সৌন্দয প্রকাশ করতে ব্যবহৃত হয়েছে ।অর্থাৎ উহারা সৌন্দযের আদিক্য প্রকাশ করতে ব্যবহৃত হয়েছে ।

What এখানে Adjective এবং How এখানে Adverb রূপে রসেছে।

Sentence দুটোকে Assertive করলে উহাদের পরিবর্তে very adverb বসে।

যেমন:-

It is a very nice bird.

এবং The bird is very nice.

সুতরাং Exclamatory sentence এ ও 'What' এবং 'How' শব্দ দুটি আধিক্য বোঝাতে যথাক্রমে Adjective ও adverb রুপে (nice - কে qualify বা modify করতে) ব্যবহৃত হয়। তবে এ ধরনের sentence এ subject এর পূর্বে কোন auxiliary verb বসবে না।

Subject এর পূর্বে auxiliary verb বসলে, তা অবশ্যই Interrogative হবে।

যেমনঃ-

How long it is! ইহা কত লম্বা ! (অর্থাৎ অনেক লম্বা ) Exclamatory Sentence.

How long is it? ইহা কত টুকু লম্বা? Interrogative Sentence (প্রশ্ন বুঝাচেছ -অর্থাৎ কত টুকু লম্বা তা পরিমাপ করে দেখতে হবে।)

Subject '*It* ' -এর পূর্বে 'is' auxiliary verb বসছে। সুতরাং উহা Interrogative sentence

| |
|---|
| Wh - word (WHAT এবং How) Interrogative এবং Exclamatory উভয় প্রকার sentence এর শুরুতে বসে। পার্থক্য শুধু এই যে, Exclamatory Sentence এ subject এর পূর্বে কোন auxiliary verb বসেনা। কিন্তু Interrogative sentence এ subject এর পূর্বে অবশ্যই auxiliary verb বসবে। Exclamatory sentence এ 'What' এবং 'How' |

আসলে Interjection এর effect আনে।

**4. Imperative sentence**(আদেশ সূচক বাক্য): যে sentence দ্বারা কোন কিছু করতে বলা হয় বা করার অনুমতি চাওয়া হয় বা করার পস্তাব বুঝায়, তাকে imperative sentence বলে ।

**Imperative Sentence এ কোন কিছু করা বুঝায় না, কেবল করতে বলা হয়, বা করার অনুমতি চাওয়া হয় বা করার প্রস্তাব করা হয় । সুতারাং Imperative Sentence এ কখনো মূল Verb এর finite form ব্যবহৃত হয়না।**
**সাধারনতঃ 'bare infinitive' form ব্যবহৃত হয়।**

লক্ষনীয় যে, Imperative Sentence দ্বারা তিন ধরনের ভাব ব্যক্ত হয় ।
যথাঃ-

I) আদেশ অনুরোধ বা উপদেশ
II) অনুমতি চাওয়া এবং
III)প্রস্তাব ।

আদেশ/অনুরোধ/উপদেশঃ Second Person ছাড়া কাউকে কোন আদেশ করা যায় না, উপদেশ দেওয়া যায় না এবং অনুরোধ করা যায়না। সুতারাং এ ধরনের বাক্যে Verb এর

সাথে Second Person এর relation.

Read the book ।Verb দ্বারা Sentence শুরু হয় । Subject থাকে না। verb এর non-finite form(অর্থাৎ bare infinitive form)হয় । ইহা এক ধরনের informal English।

অনুমতি চাওয়া বা প্রস্তাব বোঝাতে Imperative Sentence 'Let' দ্বারা শুরু হয় এবং মুল verb এর bare infinite form হয়। এ ধরনের sentence গুলো '1st person এবং 3rd Person এর সাথে related এবং বাক্যে উহারা let এর পরে 'let' verb এর object রূপে objective case হয়ে বসে।

| | |
|---|---|
| Let me read the book. Let him read the book. Let them read the book. | অনুমতি চাওয়া |
| Let us read the book. | প্রস্তাব |

Imperative Sentence এ second person উহ্য থাকে এবং মূল verb এর bare infinitive Form দ্বারা sentence শুরু হয়।
Let এর পরে 'us' থাকলে প্রস্তাব বুঝায়।
let এ পরে 'us' ছাড়া অন্য 1st person বা 3rd Person থাকলে অনুমতি চাওয়া বুঝায়।

সুতরাং Imperative Sentence দুই ধরনের:

i) মূল Verb এর bare infinitive দ্বারা শুরু এবং (you) উহ্য।

ii) Let Verb দ্বারা শুরু।

আবার Let দ্বারা শুরু বাক্য গুলো দু'ধরনের:

a) let - এর পরে 'us' থাকলে প্রস্তাব বুঝায়।

b) let এর পরে 'us' না হয়ে me, him ইত্যাদি অন্য কিছু থাকলে অনুমতি, প্রার্থনা বুঝায়

**5. Optative Sentence** (ইচ্ছা বা প্রার্থনা সূচক বাক্য): যে Sentence দ্বারা কোন ইচ্ছা প্রকাশ করা হয় প্রর্থনা করা হয় তাকে Optative Sentence বলে।

অর্থাৎ, যে সকল কাজ মানুষের করার ক্ষমতার বাইরে, সে সকল কাজ কাউকে করতে বলা যায় না। সে ক্ষেত্রে আমরা কেবল ইচ্ছা প্রকাশ

করতে পারি বা প্রার্থনা করতে পারি। এ ধরনের Sentence ই Optative Sentence

তুমি দীর্ঘজীবী হও – May you live long.

সাধারনত: Optative Sentence এর শুরুতে 'May' modal বসে। May বাদ দিলে Sentence টি Assertive form এ চলে যায়।

প্রত্যেকটি Sentence কে আবার দু'ভাগে ভাগ করা যায়:

i) Affirmative (হ্যাঁ সূচক বাক্য) এবং
ii) Negative (না বোধক বাক্য)

কোন বাক্যে 'না' বোধক কোন শব্দ বা word থাকলেই
উহা Negative Sentence এবং 'না' বোধক কোন শব্দ না থাকলেই
উহা Affirmative Sentence.

সে বই পড়ে - He reads the book. -Affirmative Assertive.

সে বই পড়ে না – He does not read the book. - Negative Assertive.

সে কি বইটি পড়ে? - Does he read the book? - Affirmative Interrogative.

সে কি বইটি পড়ে না? - Dose he not read the book?-Negative Interrogative.

দরজাটি বন্ধ কর - Shut the door. - Affirmative Imperative.

দরজাটি বন্ধ কর না -Do not shut the door. -Negative Imperative.

যে কোন Sentence কে Negative করতে হলে auxiliary Verb এর পরে ‘no’ বা ‘not’ বসাতে হয় । যদি auxiliary Verb না থাকে(Present or Past Indefinite Tense- এ) তবে do বা did এনে তার পরে not বসাতে হয়। অথবা, অন্য Negative Word (যেমন- Negative Adjective বা Adverb ) দ্বারা ও Negative করা যায়।

যেমনঃ
I do not go. No man is perfect, ইত্যাদি।

লক্ষ্য করঃ

| | |
|---|---|
| He is a good man. - Affirmative.<br>He is not a bad man. - Negative. | যদিও দুটি sentence এর একই অর্থ |

I never go there- Auxiliary Verb ছাড়াই negative word ব্যবহার করে negative sentence করা হয়েছে।

**মনে রাখবে:**

‘No’ শব্দটি Adjective এবং
‘Not’ শব্দটি Adverb.

## Phrase and Clause

I go -দুটি word মিলে একটি পূর্নভাব ব্যক্ত করেছে। ইহা একটি Sentence.

সুতরাং group of words যখন একটি পূর্ন ভাব ব্যক্ত করে সে group of words কে Sentence বলে।

অবশ্য আমরা আগেই জেনেছি যে, ঐ group of words এর মধ্যে একটি finite verb থাকতে হবে।

There is a field in front of our school – বাক্যটিতে in front of একটি phrase। তিনটি word মিলে একটি group হয়েছে। কিন্তু কোন পূর্ন ভাব ব্যক্ত করেনি। কেবল একটি মাত্র parts of speech রূপে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ তিনটি word মিলে একটি word এর কাজ করেছে। অর্থাৎ তিনটি word মিলে একটি group হয়ে group টি একক ভাবে একটি মাত্র part of speech রূপে ব্যবহৃত হয়েছে এবং এ group এ কোন finite verb নেই।

কাজেই, যখন এরূপ একাধিক words (বা group of words) একত্রে একটি মাত্র part of speech এর কাজ করে এবং ঐ group এ যদি কোন Finite verb না থাকে (Non finite verb থাকতে পারে), তখন ঐ শব্দ সমষ্টি কে **Phrase** বলে।

I know that he will come – আমি জানি যে সে আসবে।

এ বাক্যে know মূল verb এবং উহা Transitive verb । কারন know verb এর object থাকে এবং আছে। ‘know’ কে ‘কি’ প্রশ্ন করলে জবাব পাওয়া যায়।

কি জানি? He will come সুতরাং he will come এ বাক্যে ‘know’ verb এর object. এবং object অবশ্যই noun বা noun এর সমতুল্য।

সুতরাং he will come তিনটি word এর এ group টিও বাক্যে একটি মাত্র part of speech রূপে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ **‘know’** verb এর object রূপে বসে noun এর কাজ করেছে। তবে উহা Phrase নয়। কারন group এ ‘will’ একটি finite verb আছে। উহা একটি **clause** এবং **subordinate clause ।**

Finite verb সহ group of word যখন কোন পূর্ন ভাব প্রকাশ না করে একটি বাক্যের অংশ হিসাবে ব্যবহৃত হয় তখন উহাকে **Clause** বলে।

I know that he will come.

বাক্যটিতে, **I know** একটি **Clause** এবং **he will come** একটি **Clause।**

কারন উভয় group ই একই বাক্যের দু’টি অংশ । ‘that’ দ্বারা যুক্ত হয়ে একটি পূর্ন ভাব ব্যক্ত করেছে এবং একটি sentence এ পরিনত হয়েছে। ‘that’ এখানে Conjunction।

তবে দু'টি **Clause** এর মধ্যে পার্থ্যক্য আছে। **he will come** এ বাক্যে **noun** রূপে ব্যবহৃত হয়েছে। **I know** এ বাক্যে একটি মাত্র **part of speech** রূপে ব্যবহৃত হয় নি। **এটি এ বাক্যের মূল অংশ।** এবং এ অংশের অধীনেই '***know***' **verb** এর **object** রূপে একটি মাত্র **part of speech** অর্থাৎ **Noun** হয়ে বসেছে **he will come** শব্দগুচ্ছটি।

সুতরাং **he will come** এ বাক্যে **subordinate clause** বা **dependent** (নির্ভরশীল) **clause।** এবং **I know** এখানে **main clause** বা **Principal Clause।**

**Main clause বা principal clause না থাকলে subordinate clause বা dependent clause এর অস্তিত্ব থাকেনা।**

**সুতরাং যে clause ব্যক্যের মূল অংশ রূপে কাজ করে বা ব্যবহৃত হয় উহাকে main clause বা principal clause বলে। এবং যে clause বাক্যে একটি মাএ part of speech রূপে ব্যবহৃত হয়, তাকে subordinate clause বা dependent clause বলে।**

কোন বাক্যে দুটি clause যদি একই মর্যাদা সম্পন্ন বা একই rank এর হয় অর্থাৎ দুটোই যদি main clause হয় অর্থাৎ কোনটাই কোনটার উপর নির্ভর না করে বা কোনটাই কোনটার অধীনস্হ না হয়, তবে ঐ বাক্যের দুটি clause কে co -ordinate clause বলে।

He is ill and he will not come বাক্যটিতে দুটি clause –he is ill এবং he will not come কোন clause –ই single **Part of Speech** রুপে ব্যবহৃত হয়নি। দুটি clause ই এ বাক্যে নিজস্ব স্বকীয়তা এবং

স্বাধীনতা নিয়ে ব্যবহৃত। কোনটাই subordinate clause নয়। এবং দুটো main clause এ বাক্যে ‘and’ conjunction দ্বারা যুক্ত। এ বাক্যটি compound Sentence এবং clause দুটি Co-ordinate clause।

যে conjunction দ্বারা subordinate clause, main clause এর সাথে যুক্ত হয়,তাকে subordinating conjunction বলে। যেমন : that, what, so that, as, If ইত্যাদি।

As <u>he is ill</u> <u>he will not come</u>

Subordinate clause main clause

-‘as’ এ বাক্য subordinating conjunction.

সুতরাং clause তিন প্রকার :

1) Main clause বা principle clause.

2) Subordinate বা dependent clause.

3) Co-ordinate clause.

| |
|---|
| Phrase এবং subordinate clause উভয়েই group of words এবং একটি part of speech এর কাজ করে ।কিন্তু phrase -এ কোন finite verb থাকে না। পক্ষান্তরে Subordinate Clause এর *finite verb* থাকে। |

তাহলে দেখা যাচ্ছে : group of words একটি Sentence হতে পারে ।

যেমন: I go -একটি sentence.

Group of words clause হতে পারে ।


যেমন: <u>I know the boy</u> <u>who is blind.</u>

Main clause subordinate clause –adj.

কোন main clause ছাড়া subordinate clause ব্যবহৃত হয়না ।Subordinate clause ব্যবহৃত হয় Complex Sentence এ। এবং Co-Ordinate Clause ব্যবহৃত হয় compound sentence এ । অর্থাৎ দুটো main clause মিলে যখন Compound Sentence গঠিত হয়, তখন ঐ main clause দুটিই Co-ordinate clause বলে আখ্যায়িত হয় ।



www.swapno.in




I Know that he Will come.

Main clause object =Noun clause

I shall go When he will come.

Main clause adverbial clause

I Know the boy who is blind.

Main clause adjective clause

He is ill and he will not come.

Co- ordinate clause co-ordinate clause

As he is ill, he will not come.

Subordinate clause main clause

## Differences

| 1.Sentence | 2. Phrase | 3. Subordinate clause | 4. Co-ordinate clause | 5. Main clause |
|---|---|---|---|---|
| পূর্নভাব ব্যক্ত করে। অবশ্যই verb থাকবে। প্রত্যেকটি sentence এর জন্য একটি full stop(.) বা (?) বা(!) থাকবে। একাধিক clause বা phrase থাকতে পারে। | একাধিক word এর একটি groupএকটি মাএ part of speech রুপে ব্যবহৃত হবে। তবে এ group- এ কোন finite verb থাকবে না non-finite verb থাকতে পারে। | Phrase এর মতই একাধিক words এর একটি group এক মাত্র part of speech রূব্যবহৃত হবে। তবে এ group- এর অবশ্যই একটি finite verb থাকবে। main clause ছাড়া subordinate clause ব্যবহৃত হয় এবং subordinate conjunction দ্বারা main clause এর সাথে যুক্ত হয়। | একাধিক words এর group । অবশ্যই finite verb থাকবে। main clause রূপে compound sentence এ ব্যবহৃত হয় ।কোন single part of speech রুপে ব্যবহৃত হয়না, co-0rdinating conjunction দ্বারা যুক্ত হয়ে compound sentence গঠন করে । | একাধিক word মিলে একটি clause গঠন করে ।বাক্যের মূল অংশ রূপে ব্যবহৃত হয় ।কখনও single part of speech রুপে ব্যবহৃত হয়না । |

**বিশেষ ভাবে স্মরণীয়:** বাক্যে একাধিক Clause থাকতে পারে । একটি clause ও থাকতে পারে। যতটি finite verb ততটি clause।Simple sentence -এ একটি মাএ clause থাকে এবং উহাই  Main clause ।

Main clause ছাড়া কোন বাক্য হয়না ।Subordinate clause complex sentence এ ব্যবহৃত হয় । Co-ordinate clause compound Sentence এ ব্যবহৃত হয়।

**Kinds of sentence**
**(3 kinds)**
**Simple, complex, compound**

গঠন বিচারে sentence ৩ প্রকার:

১. Simple sentence.

2. Complex sentence. এবং

৩. Compound sentence.

**1. Simple sentence:** যে বাক্য একটি মাএ clause দিয়ে গঠিত অর্থাৎ যে বাক্য একটি মাএ finite verb থাকে, তাকে simple sentence বলে ।

যেমন: I saw him going -simple sentence.

বাক্যটিতে 'saw' এবং 'going' দুটি verb রয়েছে। কিন্তু Finite verb (অর্থাৎ present Form বা past Form)হচ্ছে 'saw' । 'going' এখানে non-finite(present participle from) এবং উহার কোন subject -ও নেই । পক্ষান্তরে 'saw' verb -এর subject হল '*I* '। সুতরাং বাক্যটি এক-clause-এর বাক্য এবং উহা Simple Sentence।

**2. Complex Sentence:** যে বাক্য main clause ও subordinate clause নিয়ে গঠিত হয়, তাকে Complex Sentence বলে ।

যেমন:

I saw that he was going. -Complex Sentence.

বাক্যটিতে 'saw' 'was' এবং 'going' তিনটি verb ব্যবহার করা হয়েছে ।কিন্তু finite verb দুটি 'saw' এবং 'was'। এবং উহাদের subject ও আছে । 'saw' verb এর subject হল 'I' এবং 'was' verb এর subject হল 'he'। সুতরাং বাক্যটি দুটি clause নিয়ে গঠিত। clause দুটি হল I saw এবং He was going ।'*that*' clause দুটিকে সংযুক্ত করেছে 'that' এখানে conjunction ।

'*I saw*' clause -টিতে 'saw' transitive verb এবং উহার object হল 'he was going'। কারন 'saw' verb –কে 'কি' প্রশ্ন করলে object পাওয়া য়ায় ।

কি দেখেছিলাম ?-উওর আসে 'সে যাচ্ছিল' । সুতরাং 'সে যাচ্ছিল' বা he was going দেখা বা 'saw' verb এর object। যেহেতু object অবশ্যই noun বা noun- এর সমতুল্য।

সুতরাং 'he was going' clause টি অবশ্যই noun রূপে বসেছে ।কারন উহা 'saw' verb এর object ।সুতরাং 'he was going' এ বাক্যে Subordinate Clause । কারন subject এবং finite verb থাকা

সত্ত্বেও উহা একটি মাএ part of speech রূপে ব্যবহৃত। এবং উহা 'I saw' -clause এর উপর নির্ভরশীল ।

পক্ষান্তরে, 'I saw' clause টি এর Single part of speech রূপে কাজ করেনি এবং এটিই এবাক্যের মুল অংশ। সুতরাং উহা main clause বা principal clause।

তাহলে বাক্যটি একটি main clause এবং একটি subordinate clause নিয়ে গঠিত। সুতরাং I saw that he was going বাক্যটি অবশ্যই Complex sentence।

I saw -main clause,

He was going -subordinate clause

এবং that -conjunction, subordinate clause কে main clause এর সাথে যুক্ত করেছে বলে that এখানে subordinating Conjunction।

**3. Compound Sentence:** দুটি main clause বা একাধিক main clause বা একাধিক co-ordinate clause -এর সমন্বয়ে যখন একটি বাক্য গঠিত হয়, সে বাক্য কে Compound Sentence বলে।

যেমন:

I saw him and he was going -Compound Sentence.

বাক্যটিতে 'saw' এবং 'was' দুটি finite verb এবং প্রত্যেটি finite verb এর Subject ও আছে ।সুতরাং এ বাক্যে দুটি clause।

কিন্তু কোন clause-ই single part of speech রূপে ব্যবহৃত হয়নি। প্রতেকটি clause-ই স্বাধীন। কোনটা কারো উপর নির্ভরশীল নয়। সুতরাং দুটি clause ই same rank এর। অর্থাৎ দুটিই main clause। যেহেতু কোন part of speech এর কাজ কোন clause -ই করেনি। তাহলে উহারা দুটি co-ordinate clause রূপে সমন্বিত হয়ে একটি Compound Sentence গঠন করেছে। এবং 'and' conjunction রূপে বসে co-ordinate clause দুটি যুক্ত করেছে। 'and' এখানে conjunction। এবং সম্পূর্ন sentence টি একটি compound sentence।

**Simple sentence:** এক clause এর বাক্য।একটি মাত্র Finite verb থাকবে।
**Complex Sentence:** Main clause ও Subordinate clause অর্থাৎ একাধিক clause এর বাক্য। Subordinate clause টি main clause এর সাথে Subordinate Conjunction দ্বারা যুক্ত হবে।
**Compound sentence:** দুটি co-ordinate clause এর বাক্য। co-ordinate conjunction দ্বারা যুক্ত হবে।

I saw him going - Simple Sentence.

I saw that he was going - Compound Sentence.

I saw him and he was going - Complex sentence.

Simple sentence কে complex করতে হলে main clause এর সাথে একটি subordinate clause যুক্ত করতে হবে এবং উহা subordinate conjunction দ্বারা যুক্ত করতে হবে।
অর্থাৎ ঐ non-finite verb টিকেই finite verb রূপে ব্যবহার করে subordinate clause এ পরিনত করতে হবে। আর কোন non finite verb না থাকলে 'to be' verb কে finite verb রূপে ব্যবহারের চেষ্টা করতে হবে। এবং অবশ্যই subordinate conjunction ব্যবহার করতে হবে।

Simple : I saw a wounded bird.
Non –finite

Complex : I saw a bird which was wounded.
s-clause

Simple : Going there, I meet him.

Complex : After I have gone there, I meet him.

Simple : I know the blind boy.

Complex: I know that the boy is blind.
s-conj s-clause

**Subordinate conjunctions:** as, since, though, if, after, before, wh-words ইত্যাদি।

Simple sentence কে compound করতে হলেও অনুরূপভাবেই (complex এর মতই) আরও একটি নতুন clause তৈরি করতে হবে। তবে উহা subordinate clause না হয়ে co-ordinate clause রূপে ব্যবহৃত হবে এবং co-ordinate conjunctions দ্বারা যুক্ত করতে হবে।

**Co-ordinating Conjunctions:** and, but, or, so, because, and so, for ইত্যাদি।

Simple : I saw a wounded bird.

Compound : I saw a bird and it was wounded.

Simple : Going there, I met him.

Compound : I went there and I met him.

Simple : I know the blind boy.

Compound : I know the boy and he is blind.

**Compare the sentences:**

Simple : He came after sunset
Prep. N

Complex : He came after the sun had set.
s-conj

Compound : The sun set <u>and</u> he came.
c-conj

Simple: In spite of trying hard, he could not succeed.

Complex:Though he tried hard, he could not succeed.

Compound : He tried hard but he could not succeed.

Simple sentence কে Complex বা Compound করতে নতুন Clause তৈরি করতে হয় এবং ক্ষেত্র বিশেষে subordinating বা co-ordinating conjunction দ্বারা যুক্ত করতে হয়।

আবার, Complex sentence কে Simple করতে হলে subordinating clause টির finite verb টি তুলে দিতে হবে অথবা non-finite form এ রূপান্তর করতে হবে। এবং অবশ্যই তখন non-finite verb এর subject টি ও বাদ যাবে । ফলে subordinate clause finite verb বিহীন শব্দগুচ্ছ অর্থাৎ একটি phrase এ পরিনত হবে এবং বাক্যটি এক -clause-এর বাক্যে রূপান্তরিত হবে অর্থাৎ simple sentence এ পরিনত হবে।

Complex : I know what his name is.

Simple : I know his name (be verb উহ্য হতে পার)

Complex : If you drink milk, you can get vitamin.

Simple : Drinking milk, you can get vitamin.

Or, By drinking milk, you can get vitamin.

Compound sentence কে Simple করতে হলে ও co-ordinate clause দুটি থেকে সুবিধা মত যে কোন একটিকে বেছে নিয়ে উহার finite verb তুলে দিতে হবে ও অথবা non-finite verb এ রূপান্তর করতে হবে । এবং Complex sentence রূপান্তর করতে হলে ঐ বাছাই করা co-ordinate clause টি কে subordinate এ পরিনত করতে হবে এবং co- ordinate conjunction- এর পরিবর্তে subordinating conjunction ব্যবহার করতে হবে।

**Study the following sentence**

Simple : Eating rice, he came to school.

Complex : After he had eaten rice, he came to school.

Compound : He ate rice and he came to school.

Complex : If you read, you will learn.

Simple : By reading, you will learn.

Compound : Read and you will learn.

Compound : He is very weak and he cannot walk.

Complex : As he is very weak, he cannot walk.

Or, He is so weak that he can not walk.

Simple : He is too weak to walk.

Or, He can not walk for his very much weakness. etc.

**Sequence fo tenses (শুধু মাত্র complex sentence- এর ক্ষেত্রে প্রয়োয্য)**

1. Main clause past tense হলে subordinate clause এর অবশ্যই past tense হবে।

I saw him that he was going.

2. তবে subordinate clause চিরন্তন সত্য বা habitual fact বুঝালে, main clause এর past tense সত্ত্বেও, উহার present Indefinite Tense হবে।

I told him that the earth is round.

3. main clause এর past Tense না হলে subordinate clause প্রয়োজন অনুযায়ী যে কোন tense এর হতে পারে।

যেমন, He tells me that you went there.

He will say that I knew him.

একই কথাকে simple, complex ও compound sentence-এর মাধ্যমে প্রকাশ করা যায়। বাক্যের প্রয়োজন অনুযায়ী একই বাক্যকে উহারা বিভিন্ন সাফল্য দান করে। কোন বাক্য simple sentence এ ভাল লাগে, কোনটা Complex এ এবং কোনটি Compound -এ। কাজেই ভাষার standard বজায় রাখতে এবং ভাষার variation এর জন্য বিভিন্ন রীতিতে বাক্য গঠনের দক্ষতা অপরিহার্য। সুতরাং প্রচুর চর্চা বা practice এর মাধ্যমে বাক্যের এ ধরনের transformation সম্পর্কে অবশ্যই দক্ষতা অর্জন করতে হবে।

**বিশেষ লক্ষনীয়ঃ**

Simple sentence- এ একটি মাত্র clause ব্যবহার করতে হবে।

Complex sentence- এ অবশ্যই একাধিক clause থাকবে।

তবে অবশ্যই একটি main clause থাকবে এবং অন্যান্য subordinate clause কে subordinating conjunction দ্বারা যুক্ত করতে হবে। অর্থাৎ বাক্যটিতে অবশ্যই একাধিক finite verb ব্যবহার করতে হবে।



Compound Sentence- এও একাধিক clause থাকবে অর্থাৎ অবশ্যই একাধিক finite verb থাকবে । তবে clause গুলো main clause বা co-ordinate clause হবে এবং

www.swapno.in

Co-ordinate conjunction (অর্থাৎ and, but, or, so, because ইত্যাদি)দ্বারা clause গুলি যুক্ত হবে ।

**Complex** ও **Compound sentence** এ একাধিক **clause** থাকে ।পার্থক্য শুধু এই যে **complex** এ **Subordinate clause** থাকে এবং **Subordinating Conjunction** দ্বারা যুক্ত হয়।
পক্ষান্তরে**, Compound-**এ একাধিক **Co-ordinate clause co-ordinating conjunction** দ্বারা যুক্ত হয় ।

## Voice ( বাচ্য)

বাচনরীতিই বাচ্য বা voice । অনেক বাক্যকে আমরা দুই ভাবে প্রকাশ করতে পারি।

যেমন**:** I see a bird -active voice.

A bird is seen by me -passive voice.

একই বাক্য-একই অর্থ। কিন্ত বাচন ভঙ্গি বা বাচন রীতি আলাদা। ১ম বাক্যে subject active (সক্রিয়) এবং দ্বিতীয় বাক্যে subject passive (নিস্ক্রিয়)।

Sentence এ subject active (সক্রিয়) হলে উহা active voice। অন্যদিকে subject, Passive (নিষ্ক্রিয়) হলে উহা Passive voice।

Passive Voice এ object, subject এর জায়গায় নেয় এবং object active ভূমিকা পালন করে।

**তবে passive voice এর মূল identity verb এ। verb দেখেই বুঝাতে হয়, sentence টি active না passive ।**

---

উপরের Sentence দু'টো লক্ষে করলে আমরা active থেকে passive করার জন্য নিম্নলিখিত সিদ্ধান্ত নিতে পারি ।

৩ টি নিয়ম**:**

i)**object** কে **subject** করতে হবে।
ii) মূল verb এর **initial form** অনুযায়ী **'To be'** verb বসাতে হবে এবং মুল verb এর অবশ্যই **past participle** হবে ।**(BE + past participle = passive)** এটা passive চেনার একমাত্র উপায়।

iii) **subject** কে **object** করতে হয় এবং উহার পূর্বে **preposition** বসবে ।অর্থাৎ subject prepositional object হয়। তখন উহাকে **agent** বলে। Passive voice এ কখনো কখনো agent উহ্য থাকে।

Subject -এর পরের Auxiliary verb, **voice change** করার ব্যপারে কোন factor নয়। মনে রাখতে হবে, **শুধু মাএ transitive verb টির be+ past participle হবে।**

I have eaten rice. - active
s vt. Obj.

Rice has been eaten by me. -passive

এখানে object (rice) Subject হয়েছে। মূল verb এর পূর্বে auxiliary verb person অনুযায়ী change হয়েছে।মূল verb এর past participle form আছে। সে অনুযায়ী‘ to be’ verb এর past participle form হয়েছে। এবং verb এর past participle form ই রয়েছে।

Subject 'I' prepositional object হয়েছে।



মনে রাখবেঃ যে verb এর object নেই অর্থাৎ Intransitive verb এর Passive Voice হয় না। তবে যদি উহা ***cognate object*** গ্রহন করে intransitive form- এ আসে, তখন উহার passive হতে পারে ।

অথবা যদি group verb হয়ে object গ্রহন করে, তখন Passive হতে পারে।

Active : He ran a race.

Cognate object

Passive : A race was run by him.

Active : He laughs at me

Group verb

Passive : I am laughed at by him.

কোন sentence- এ transitive verb এর দুইটি object থকলে, অর্থাৎ একটি Direct ও একটি Indirect থাকলে উহাকে passive করার সময় যে কোন একটি object কে passive voice এ subject করে আনতে হবে। অপরটি object হিসাবেই পড়ে থাকবে। যে object টি object হিসাবে পড়ে থাকবে, তাকে Retained object বলে।

Active : He gave me a pen.

I.O D.O

Passive : I was given a pen by him.

Retained object

অথবা, A pen was given me by him.

Retained object

তবে **Factitive object** কে যদিও বাহ্যত: ***Direct object*** -এর মত মনে হয়, কিন্তু মূলত: উহা direct object নয়। উহা Factitive Object। Factitive Object কখনো passive Voice এ subject হতে পারেনা।

Active: We made him captain.

F.O

Passive: He was made captain by us.

**Dative of Interest -**কে যদিও ***Indirect Object*** বলে মনে হয়, কিন্তু মূলতঃ উহা Indirect

Object নয়। উহা Dative of Interest । Dative of Interest কখনো Passive Voice এ

Subject হতে পারেনা।

Active: He bought me a pen.

Passive: A pen was bought for me by him.

| |
|---|
| Factitive object, Adverbial Object, Dative of Interest ইত্যাদি Passive voice এ Subject হতে পারেনা । |

Honey tastes sweet = Honey is sweet when it is tasted -এ ধরনের sentence কে

Quasi Passive বলে । কারন ইহা আকারে active কিন্তু ভাবে Passive ।

Active voice এর subject যখন passive এর prepositional object হবে, তখন যে শুধু 'by' preposition বসবে এমন কোন কথা নেই। '*to' 'in' 'with' 'at'* ইত্যাদি যে কোন preposition (অর্থ অনুযায়ী)বসতে পারে।

Sentence এ *'by'* থাকলেই passive voice ধরতে হবে, এমন ধারনা ভুল।

Passive voice-এ **prepositional object** বা **Agent** নাও থাকতে পারে।

যেমন: The boy was punished.

Passive voice চিনতে হবে verb দেখে: ***BE+ Past participle = passive***.

| |
|---|
| ব্যবহার: *কোন sentence এ object না থাকলে object কে subject ধরে sentence গঠন করতে হয়। তখন অবশ্যই verb এর passive from (অর্থাৎ BE+past participle)করতে হয়।* যেমন:চোরটি ধরা পড়ল -The thief was caught. |

## Active করার নিয়ম

Passive থেকে Active করার সময় নিয়ম তিনটির উল্টো যেতে হবে। অর্থাৎ Active থেকে passive করার যে তিনটি নিয়ম ইতিপূবে শিখেছি, এবারে (iii), (ii), (i) কে উল্টো ভাবে ব্যবহার করতে হবে ।

প্রথমে preposition তুলে দিয়ে object করতে হবে। তারপরে *'To be'* verb তুলে দিয়ে মূল verb এর 'to be' verb এর from এ বসাতে হবে। এবং সব শেষে subject কে object করতে হবে।

A bird is seen by me -passive.

I see a bird -active.

Verb দ্বারা যদি mental action বুঝায় তখন Passive Voice -এ Object এর পূর্বে preposition ***'with' বা 'at'*** বসে। তবে ব্যক্তির পূর্বে ***'with'*** এবং ব্যক্তি না বুঝালে 'at' বসে।

Active : He pleased me.

Passive : I was pleased with him.

Active : His conduct satisfied me.

Passive : I was satisfied at his conduct.

## Interrogative Sentence

**Interrogative Sentence** Sentence কে Passive করার সময় Sentence টিকে Assertive from এ নিয়ে passive করতে হবে ।তারপর auxiliary verb টিকে subject এর পূর্বে বসাতে হবে।

| | |
|---|---|
| Active : Do you know me | Assertive : you know me. |
| Passive : Am I known to you? | Passive : I am known to you. |

## Imperative sentence

Imperative Sentence কে Passive করতে শুরুতেই Let বসবে। তার পর Assertive sentence এর নিয়ম follow করতে হবে।

Active : Do the sum.

Passive : let the sum be done.

Active : let him read be book.

Passive : let the book be read by him.

Complex বা compound sentence এ একাধিক clause থাকে। প্রত্যেক clause এ ই একটি করে verb থাকে। verb গুলি যদি transitive হয়, তবে প্রত্যেকটি verb এর ই Passive করতে হবে।

Active : I know that he will do the sum.

Passive : That the sum will be done by him is known to me.


অথবা, It is known to me that the sum will be done by him.

Simple Sentence বা একটি clause এ যদি দুটি **Transitive verb** থাকেও তবে একটিকেই Passive করতে হবে। **অন্যথায় ভুল অর্থ দিতে পারে**। সুতরাং In a clause double passive should be avoided.

যেমন: they tried to do the work -active.

Passive: The work was tried to be done by them হবে না,

To do the work was tried by them হবে।




সফলতার স্বপ্ন
যে স্বপ্ন সবাই দেখে প্রতিনিয়ত